# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmrbbd@gmail.com

Chaitra 03, 1430 Bangla, March 17, 2024, Sunday, No. 77, 54th year

# H I G H L I G H T S

The nation is celebrating the 104th birth anniversary of Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman and the National Children's Day 2024 today in a befitting manner. (VOA: 10)

AL GS says, no powerful country could interfere in last national parliament election as India stood beside BD. Adds, PM Sheikh Hasina & her Indian counterpart Narendra Modi have broken the long-standing wall of suspicion & mistrust between Bd & India. (Jago FM: 18)

When asked about the concern of various countries regarding India's citizenship law, Foreign Minister says, it is an internal matter of India. As a neighboring country, BD is keeping an eye on the matter.' (Jago FM: 20)

BNP's leader Abdul Moyeen Khan says, a second BAKSAL has been established in the country. In the past, democracy was killed and BAKSAL was established. Now there is no room for opposition.(VOA: 08)

DNCC Mayor announces, Gulshan Lake will be cleaned within 7 days. Adds, not fish, mosquitoes are being cultivated in the lake - there is no alternative to united awareness of the citizens to solve this problem. (R. Tehran: 12)

Human Rights Commission has expressed concern over the suicide of Fairoz Avantika, a student of JnU. In this incident, police has arrested Assistant Proctor Deen Islam & a student Amman Siddique of JnU. (Jago FM: 22 & 23)

The pirates are repeatedly changing the location of Bangladeshi ship that was hijacked in Indian Ocean. Even after anchoring, location changed at least 3 times. Now the ship is at gadbojiran coast.(BBC : 03)

9% of those who sexually harassed at university are teachers and 56% are classmates. These sexual abusers are politically powerful & 90% of victims of sexual abuse do not report due to fear. (DW: 13)

At the end of this fiscal year, govt. is going to face a huge revenue deficit. CPD claims, there will be a deficit of Tk 82,000 crore after monitoring ongoing trend of revenue collection for past 6 months. (R. Today: 15)

Urban middle & lower-middle class families are having hard time due to rising of commodity prices during Ramadan. The average monthly expenditure has increased by 10 to 15 thousand taka per family. (VOA: 09)

Exim Bank & Padma Bank have announced their merger. Experts say, how effective it will be, will depend on how well the merged banks can be managed. (BBC: 04)

| Director: 44813046 | Deputy News Controller: 44813048<br>44813179 | Assistant News Controller: 44813047<br>44813178 |
|---|---|---|

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**চৈত্র ০৩, বাংলা ১৪৩০, মার্চ ১৭, ২০২৪, রবিবার, নং-৭৭, ৫৪তম বছর**

# শিরোনাম

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪তম জন্মবার্ষিকী এবং জাতীয় শিশু দিবস আজ। জাতি যথাযোগ্য মর্যাদা ও উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে আজ দিবসটি উদযাপন করছে। (ভোয়া: ১০)

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেছেন, ভারত পাশে ছিল বলেই বাংলাদেশের নির্বাচনে বিশ্বের বড় বড় রাষ্ট্র অশুভ হস্তক্ষেপ করতে পারেনি। তিনি আরও বলেন, বাংলাদেশ ও ভারতের মধ্যে দীর্ঘদিনের যে সন্দেহ ও অবিশ্বাসের দেয়াল ছিল তা ভেঙে দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। (জাগো এফএম: ১৮)

ভারতের নাগরিকত্ব আইন নিয়ে বিভিন্ন দেশ উদ্বেগ প্রকাশ এবং বাংলাদেশের অবস্থান সম্পর্কে পররাষ্ট্রমন্ত্রী বলেছেন, 'নতুন নাগরিকত্ব আইন ভারতের অভ্যন্তরীণ বিষয়। প্রতিবেশি দেশ হিসেবে আমরা বিষয়টির দিকে নজর রাখছি।' (জাগো এফএম: ২০)

বিএনপি স্থায়ী কমিটির সদস্য ডক্টর আব্দুল মঈন খান বলেছেন দেশে 'দ্বিতীয় বাকশাল' কায়েম করা হয়েছে। অতীতে গণতন্ত্রকে হত্যা করে সংসদে বাকশাল কায়েম করা হয়েছিলো। এখন বিরোধীদের কোনো জায়গা নেই। (ভোয়া: ০৮)

৭ দিনের মধ্যে ঢাকার গুলশান লেক পরিষ্কার করা হবে বলে ঘোষণা দিয়েছেন ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র আতিকুল ইসলাম। তিনি বলেন, লেকে মাছ নয়, মশার চাষ করা হচ্ছে। এই সমস্যার সমাধানে নাগরিকদের ঐক্যবদ্ধ সচেতনতার বিকল্প নেই বলেও জানান। (রেডিও তেহরান : ১২)

জবি,র আইন বিভাগের শিক্ষার্থী ফাইরুজ অবন্তিকার আত্মহত্যার ঘটনায় উদ্বেগ প্রকাশ করেছে জাতীয় মানবাধিকার কমিশন। এ ঘটনায় সহপাঠী রায়হান সিদ্দিকী আম্মান ও সহকারী প্রক্টর দ্বীন ইসলামকে আটক করেছে পুলিশ। (জাগো এফএম: ২২; ২৩)

ভারত মহাসাগরে ছিনতাইয়ের শিকার হওয়া বাংলাদেশি জাহাজটির অবস্থান বারবার বদল করছে জলদস্যুরা। নোঙর করার পরও অন্তত তিনবার স্থান বদলেছে। বর্তমানে জাহাজটিকে সরিয়ে সোমালিয়ার গদবজিরান উপকূলে নোঙ্গর করেছে জলদস্যুরা। (বিবিসি : ০৩)

বিশ্ববিদ্যালয়ে যারা যৌন হয়রানি করে তাদের ৯ শতাংশই শিক্ষক। আর ৫৬ শতাংশ সহপাঠী। এই যৌন নিপীড়করা রাজনৈকিভাবে প্রভাবশালী আর যৌন নিপীড়নের শিকার ৯০ ভাগই নানা ভয়ের কারণে অভিযোগ করেন না। (ডয়চে ভেলে : ১৩)

চলতি ২০২৩-২৪ অর্থবছরে সরকার বড় অংকের রাজস্ব ঘাটতির মুখোমুখি হতে যাচ্ছে। বিগত ছয় মাসের রাজস্ব আদায়ের চলমান ধারা পর্যবেক্ষণে অর্থ বছর শেষে ৮২ হাজার কোটি টাকা ঘাটতি হবে বলে দাবি করেছেন সিপিডি। (রে. টুডে : ১৫)

রমজানে দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতির চাপে কঠিন সময় পার করছে শহরাঞ্চলের মধ্যবিত্ত ও নিম্ন-মধ্যবিত্ত পরিবারগুলো। পরিবার ভেদে গড়ে মাসিক ব্যয় বেড়েছে ১০ হাজার থেকে ১৫ হাজার টাকা। (ভোয়া : ০৯)

এক্সিম ব্যাংক এবং পদ্মা ব্যাংক দুটি একীভূত হওয়ার কথা জানিয়েছে। বিশেষজ্ঞরা বলছেন, তবে এটি আসলেই কতটা ফলপ্রসূ হবে তা নির্ভর করবে একীভূত ব্যাংকগুলো কতটা ভালভাবে পরিচালিত হতে পারে তার উপর।(বিবিসি : ০৪)

# বিবিসি

## বাংলাদেশি জাহাজটির অবস্থান বারবার বদল করছে জলদস্যুরা

তেইশ নাবিকসহ ভারত মহাসাগরে ছিনতাইয়ের শিকার হওয়া বাংলাদেশি জাহাজটির অবস্থান বারবার বদল করছে জলদস্যুরা। গত মঙ্গলবার জলদস্যুরা জাহাজটির দখল নেয়ার পর নোঙর করার পরও অন্তত তিনবার স্থান বদলেছে এমভি আব্দুল্লাহ। জলদস্যুরা বর্তমানে জাহাজটিকে সরিয়ে সোমালিয়ার গদবজিরান উপকূলে নোঙ্গর করেছে। জাহাজটির মালিকপক্ষ ধারণা করছে জলদস্যুদের যে গ্রুপটি জাহাজটি ছিনতাই করেছে তারা হয়তো ছোট একটি গ্রুপ। তারা কিছু টাকা পয়সার বিনিময়ে এটি বড় গ্রুপের কাছে হস্তান্তর করবে। সেই গ্রুপই মুক্তিপণ নিয়ে দেন দরবার করবে। হয়তো এ কারণেই জলদস্যুদের পক্ষ থেকে যোগাযোগে দেরি হচ্ছে বলে তারা ধারণা করছেন। মালিকপক্ষ কেএসআরএম গ্রুপের মিডিয়া অ্যাডভাইজার মিজানুল ইসলাম বিবিসি বাংলাকে বলেন এই জলদস্যুরা মূল প্লেয়ার না। মূল প্লেয়ার শুটেট বুটেড। ওরা অফিস নিয়ে বসে আছে কোনো না কোনো জায়গায়। তারাই হয়তো আমাদের সাথে যোগাযোগ করবে। জাহাজটি জলদস্যুদের কবলে পড়ার পর থেকে স্যাটেলাইট ইমেজ ও প্রযুক্তি ব্যবহার করে এটির সর্বশেষ অবস্থান সম্পর্কে খোজ খবর রাখছে বাংলাদেশ মার্চেন্ট মেরিন অফিসার্স অ্যাসোসিয়েশনের (বিএমএমওএ)। সংগঠনটির সভাপতি ক্যাপ্টেন আনাম চৌধুরী শনিবার বিবিসি বাংলাকে বলেন বৃহস্পতিবার জাহাজটি যেখানে নোঙর করা ছিল সেখান থেকে আজ ৪৫-৫০ নটিক্যাল মাইল উত্তর দিকে সরিয়ে নেয়া হয় শুক্রবার। বর্তমানে জাহাজটির অবস্থান সোমালিয়ার গদবজিরান শহর থেকে ৪ নটিক্যাল মাইল দূরে। এদিকে, ঐ জাহাজটিতে থাকা সশস্ত্র জলদস্যুদের একটি ছবি প্রকাশ করেছে ভারতীয় নৌবাহিনী। ভারতীয় নৌবাহিনীর এক্স অ্যাকাউন্টে (সাবেক টুইটার) চার জলদস্যুর সশস্ত্র অবস্থানের ঐ ছবি প্রকাশ করা হয়। শুক্রবার সন্ধার পর জিম্মি নাবিকদের সাথে পরিবারের আর কোন যোগাযোগ হয়নি বলে তাদের পরিবারে সদস্যরা জানিয়েছেন। জাহাজটিতে জিম্মি চিফ অফিসার আতিকুল্লাহ খানের ছোট ভাই মোহাম্মদ আসিফ খান শনিবার বিবিসি বাংলাকে বলেন, শুক্রবার সন্ধ্যায় জাহাজে থাকা স্যাটেলাইট ফোন দিয়ে কল করেছিল ভাইয়া। তখন দেড় মিনিটের মতো কথা হয়েছে। এরপর আর আমরা তার সাথে যোগাযোগ করতে পারিনি।

**বার বার অবস্থান বদলাচ্ছে আব্দুল্লাহ**

আফ্রিকার দেশ মোজাম্বিক থেকে ৫৫ হাজার টন কয়লা নিয়ে আরব আমিরাত যাওয়ার পথে গত ১২ই মার্চ ভারত মহাসাগরের সোমালি জলদস্যুদের কবলে পড়ে এমভি আবদুল্লাহ। জলদস্যুরা জাহাজটির নিয়ন্ত্রণ নিয়ে ২৩ নাবিকের সবাইকে জিম্মি করে। দু,দিন পর জাহাজটিকে নিয়ে যাওয়া হয় সোমালিয়া উপকূলে। সেখানে একদিন অবস্থান করেছিল জাহাজটি। পরে বৃহস্পতিবার দুপুরে আবার জাহাজটিকে সরিয়ে নিয়ে যাওয়া হয়। এমভি আবদুল্লাহ,কে বৃহস্পতিবার বিকেল সাড়ে ৩টার দিকে গ্যারাকাড উপকূলে নোঙর করা হয়েছিল। পরে সেখানে আরেকটা সশস্ত্র গ্রুপের হাতে তাদেরকে সোপর্দ করা হয়। এখন সেখান থেকে নাবিকসহ জাহাজটিকে অন্যদিকে নিয়ে যাওয়া হচ্ছে। শুক্রবার আরেক দফা স্থান পরিবর্তনের পর বর্তমানে জাহাজটি সোমালিয়ার গদবজিরান শহর থেকে ৪ নটিক্যাল মাইল দূরে অবস্থান করছে জাহাজটি। বাংলাদেশ মার্চেন্ট মেরিন অফিসার্স অ্যাসোসিয়েশনের (বিএমএমওএ) স্যাটেলাইট ইমেজ ও আধুনিক প্রযুক্তি ব্যবহার করে জাহাজটির সর্বশেন অবস্থান পর্যবক্ষেণ করছে গত মঙ্গলবার থেকে। জাহাজটির এই গতিপথ ও অবস্থান দেখে বিএমএমওএ বলছে, জাহাজটি জলদস্যুদের নিয়ন্ত্রণে যাওয়ার পর প্রথমেই তারা বাংলাদেশি পতাবাহী জাহাজটিকে দেড় দিনের মাথায় সোমালিয়া উপকূলের কাছাকাছি নিয়ে। জলদস্যুদের কবলে পড়ার পরদিন বুধবার এটি ছিলো সোমালিয়ার রাজধানী মোগাদিসু উপকূলের কাছাকাছি অবস্থানে। পরবর্তীতে সেটিকে আরো উত্তর দিকে সরিয়ে প্রথমে নেয়া হয় গারদাকে। এরপরই ভারতীয় নৌবাহিনী জাহাজটি ঘিরে নজরদারি বাড়ালে সেটি আবারো সরিয়ে নেয়া হয় গদজিরান উপকূলে। বাংলাদেশ মার্চেন্ট মেরিন অফিসার্স অ্যাসোসিয়েশনের (বিএমএমওএ) সভাপতি ক্যাপ্টেন আনাম চৌধুরী বিবিসি বাংলাকে বলেন, চারদিকে নেভাল সার্ভিলেন্স বাড়িয়ে দেয়ার কথা তারা শুনেছে। এ কারণে তারাও তাদের ক্ষমতা প্রদর্শন করছে এবং একেবার জাহাজের স্থান পরিবর্তন করে ফেলছে।

জলদস্যুদের ছবি প্রকাশ করেছে ভারতীয় নৌবাহিনী। এমভি আব্দুল্লাহ জলদস্যুদের কবলে পড়ার পর থেকে এবং এরপর সোমালিয়া উপকূলে প্রবেশের আগ পর্যন্ত কাছাকাছি দূরত্বে থেকে অনুসরণ করছিল ভারতীয় নৌবাহিনীর একটি যুদ্ধ জাহাজ। এই তথ্য সামাজিক যোগাযোগ মাধ্যম এক্স (সাবেক টুইটারে) প্রকাশ করে ভারতীয় নৌবাহিনী। শুক্রবার বিকেল সাড়ে চারটায় ভারতীয় নৌবাহিনীর মুখপাত্র এক্স একাউন্ট থেকে যে ছবিটি প্রকাশ করেছে তাতে দেখা যাচ্ছে এমভি আব্দুল্লাহ জাহাজে চারজন অস্ত্রসহ টহল দিচ্ছে। তাদের সবার অবস্থাই ছিলো জাহাজের মাস্টার কেবিনের ছাদে। টুইটারের এই পোস্টে ভারতীয় নৌবাহিনী জানায়, গত ১২ মার্চ এমভি আব্দুল্লাহ থেকে সাহায্যের সিগন্যাল পেয়ে তারা একটি মেরিটাইম পেট্রোল এয়ারক্র্যাফ্ট-এলআরএমপি পাঠিয়েছিল। কিন্তু ভারতীয় বিমানটি পরে আর এমভি আব্দুল্লাহর সাথে কোনো ধরনের যোগাযোগ করতে পারেনি। তারা জানায় পরবর্তীতে ভারতীয় নৌবাহিনী একটি যুদ্ধ জাহাজ মোতায়েন করে। যেটি ভারত মহাসাগরের সামুদ্রিক নিরাপত্তায় কাজ করছে। গত বৃহস্পতিবার থেকে এই

জাহাজটি এমভি আব্দুল্লাহকে নজরদারি শুরু করেছে। ভারতীয় নৌবাহিনীর ওই পোস্টে আরো বলা হয়েছে, সশস্ত্র জলদস্যুদের হাতে জিম্মি বাণিজ্যিক জাহাজের ক্রুদের নিরাপত্তায় খেয়াল রাখছে তারা। জাহাজটি সোমালিয়া জলসীমায় পৌঁছানো পর্যন্ত ভারতীয় নৌবাহিনী নিরাপত্তা নিশ্চিতের সর্বোচ্চ চেষ্টা করেছে বলেও জানানো হয় ওই পোস্টের মাধ্যমে। বাংলাদেশ মার্চেন্ট মেরিন অফিসার্স অ্যাসোসিয়েশনের সভাপতি ক্যাপ্টেন আনাম চৌধুরী বিবিসি বাংলাকে বলেন, ওরা লং রেঞ্জ সার্ভিলেন্সের জন্য হেলিকপ্টার পাঠিয়ে ছবিটি নিয়েছে। কোনো দেশের জলসীমায় এ ধরনের ঘটনা ঘটলে সে দেশের নৌবাহিনী এসেসমেন্টের জন্য ফ্লাইট পাঠিয়ে এমন ছবি নিয়ে থাকে। ভারতীয় নৌবাহিনীর এই ছবি দেখে নিজেদের জাহাজ বলে নিশ্চিত করেছেন মালিক প্রতিষ্ঠান কেএসআরএম গ্রুপ। শনিবার কেএসআরএম গ্রুপের মিডিয়া অ্যাডভাইজর মিজানুল ইসলাম বিবিসি বাংলাকে বলেন, ভারতীয় নৌবাহিনী তাদের টুইটার একাউন্টে যে ছবি প্রকাশ করেছে সেটি আমাদের এমভি আব্দুল্লাহ জাহাজের ছবি।

**অপারেশন আটলান্টার তথ্য**

শুধু ভারতীয় নৌবাহিনী নয় জলদস্যুদের হাতে জিম্মি জাহাজটিতে নজর রাখছে ইউরোপীয় ইউনিয়ন নেভাল ফোর্স-ইইউএনএভিএফওআর। জাহাজটি দস্যুদের কবলে পড়ার দুই দিন পর গত বৃহস্পতিবার এ নিয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি প্রকাশ করে সংস্থাটি। এই বিজ্ঞপ্তিতে তারা হেলিকপ্টার দিয়ে জাহাজটি পর্যবেক্ষণের একটি ছবিও প্রকাশ করেছে। যেখানে বলা হয়, এমভি আব্দুল্লাহকে পর্যবেক্ষণে রেখেছে ইউরোপীয় ইউনিয়ন নেভাল ফোর্স। সমুদ্রে জলদস্যুতা এবং সশস্ত্র ডাকাতি দমনে প্রয়োজনীয় পদ্ধতি, ব্যবহার করে ইউএস-নেতৃত্বাধীন টাস্ক ফোর্স ও ইউরোপীয় ইউনিয়নের যে যৌথ কার্যক্রম রয়েছে, তার নাম অপারেশন আটলান্টা। অপারেশন আটলান্টা থেকে বাংলাদেশি জাহাজ এমভি আবব্দুলাহর ওপর নজর রাখা হচ্ছে বলে সংস্থাটি এক বিজ্ঞপ্তিতে জানিয়েছে। এতে বলা হয় সামুদ্রিক নিরাপত্তায় সবচেয়ে কার্যকর পদক্ষেপ নিতে বাংলাদেশ ও সোমালিয়া এই অঞ্চলের অংশীদারদের সাথে যোগাযোগ করছে। এতে জানানো হয়েছে, ছিনতাই হওয়া জাহাজের নাবিকেরা এখন পর্যন্ত সুস্থ আছে। প্রাথমিকভাবে জাহাজটি ছিনতাই হওয়ার সময় ২০ জন জলদস্যু থাকলেও এখন ১২ জন জলদস্যু থাকার বিষয়টি তারা বিজ্ঞপ্তির মাধ্যমে নিশ্চিত করেছে। বিজ্ঞপ্তিতে বলা হয়, সোমালি উপকূলের উত্তর, দক্ষিণ ও মধ্য অঞ্চলের বিভিন্ন এলাকায় জলদস্যুরা সাধারণত তিনটি ক্যাম্প ব্যবহার করে। এই ক্যাম্পগুলো ঘিরেই চলে তাদের ছিনতাই কার্যক্রম। ঠিক এই অঞ্চলে `এমভি রুয়েন, নামের আরেকটি জাহাজও ছিনতাই করে জলদস্যুরা। ওই দলের সদস্যরাই `এমভি আবদুল্লাহ,র ঘটনার সঙ্গে জড়িত থাকতে পারে বলে ওই বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে। এই বিজ্ঞপ্তিতে ইউরোপীয় ইউনিয়ন নেভাল ফোর্স জানিয়েছে এমভি আব্দুল্লাহর ওপর নজর রাখতে ইইউ'র একটি জাহাজ মোতায়েন করা হয়েছে।

**জলদস্যুদের ফোনের অপেক্ষায় মালিকপক্ষ**

গত মঙ্গলবার ভারত মহাসাগরে সোমালি জলদস্যুরে হাতে ছিনতাইয়ের শিকার হওয়ার পর কয়েক দফায় স্থান পরিবর্তন করে এমভি আব্দুল্লাহ জাহাজটি। প্রায় ২৪ ঘণ্টা ধরে সোমালিয়ার গদবজিরান উপকূলে নোঙর করে আছে জাহাজটি। এর আগে দফায় দফায় স্থান পরিবর্তন করলেও জলদস্যুদের পক্ষ থেকে কোনো ধরনের মুক্তিপণ দাবি করা হয়নি। সর্বশেষ গত শুক্রবার সন্ধ্যায় জাহাজের নাবিকদের তাদের পরিবারের সদস্যদের সাথে কথা বলতে দেয়া হয় খুব অল্প সময়ের জন্য। এসময় তারা শারীরিকভাবে সুস্থ থাকার কথা জানিয়েছে। জাহাজে থাকা চীফ অফিসার আতিকুল্লাহ খানের ছোট ভাই মোহাম্মদ আসিফ খানের সাথে সর্বশেষ শুক্রবার তার ভাইয়ের কথা হয়। শনিবার সন্ধ্যায় আসিফ খান বিবিসি বাংলাকে বলেন, গতকাল সন্ধ্যায় আর হোয়াটসঅ্যাপে যোগাযোগ করতে দেয়া হয়নি। সন্ধ্যায় আমার সাথে কথা হয়েছে স্যাটেলাইট ফোনে। সর্বোচ্চ দেড় মিনিট কথা বলেছি। খুব বিস্তারিত জানতে পারিনি। জাহাজটির মালিক প্রতিষ্ঠান কেএসআরএম গ্রুপ আশা করছে, খুব তাড়াতাড়ি জলদস্যুরা তাদের সঙ্গে যোগাযোগ শুরু করবে। কেএসআরএম গ্রুপের মিডিয়া অ্যাডভাইজর মিজানুল ইসলাম জানান, এই ধরনের পরিস্থিতিতে জলদস্যুরা একটা নিরাপদ স্থান খুঁজে তারপর যোগাযোগ শুরু করে মালিকপক্ষের সাথে। একই সাথে পরিবারের সদস্যদের সাথেও তারা কথা বলার সুযোগ দেয়। মি. ইসলাম বলেন, যতক্ষণ পর্যন্ত জলদস্যুদের কাছ থেকে কোনো ধরনের অফার না পাওয়া যাচ্ছে ততক্ষণ পর্যন্ত আমরা যোগাযোগ রক্ষা করে যাচ্ছি। কিন্তু দস্যুদের পক্ষ থেকে এখনো কোনো ধরনের অফার পাওয়া যায়নি। (বিবিসি ওয়েব পেজ: ১৬.০৩.২০২৪ রুবাইয়া)

## পদ্মা ও এক্সিম ব্যাংকের একত্রীকরণে কী কী পরিবর্তন আসবে?

বাংলাদেশে প্রথমবারের মতো দুটি বেসরকারি ব্যাংক একীভূত হওয়ার ঘোষণা দিয়েছে। ইসলামী শরীয়াহ ধারায় পরিচালিত এক্সিম ব্যাংক এবং সাধারণ ব্যাংকিং ধারায় পরিচালিত পদ্মা ব্যাংক দুটি একীভূত হওয়ার কথা জানিয়েছে। সোমবার এ সম্পর্কিত চূড়ান্ত সমঝোতা স্মারক দুই ব্যাংকের মধ্যে সই হবে। এ বিষয়ে এক্সিম ব্যাংকের চেয়ারম্যান নজরুল ইসলাম মজুমদার বিবিসি বাংলাকে বলেন, বাংলাদেশ ব্যাংক থেকে তাদেরকে দুই সপ্তাহ আগে যে-কোন একটি দুর্বল ব্যাংকের সাথে একীভূত হওয়ার নির্দেশনা দিয়েছে। তার অংশ হিসেবেই দুই ব্যাংকের কর্মকর্তারা আলোচনার মাধ্যমে এই সিদ্ধান্ত নিয়েছেন। তিনি বলেন, বাংলাদেশ ব্যাংকের গভর্নর মহোদয় আমাদেরকে অ্যাডভাইস

করেছেন যে, আপনারা যদি মিলেমিশে যেতে পারেন তাহলে আমার কোনো আপত্তি থাকবে না। আর যদি আপনারা নিজেরা আলোচনা করে কোনো সিদ্ধান্তে আসতে না পারেন তাহলে কেন্দ্রীয় ব্যাংক থেকে আমরা পরামর্শ দেবো অথবা সর্বশেষ আমরা ইমপোজ করব। ইমপোজ করতে গেলে এটা আরো খারাপ দেখা যায়। আমরা নিজেরাই আলোচনা করে দুটো ব্যাংক সিদ্ধান্ত নিলাম যে আমরা একত্রিত হয়ে যাব। পদ্মা ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক তারেক রিয়াজ খান বিবিসি বাংলাকে বলেন, বাংলাদেশ ব্যাংকের প্রোম্পট কারেক্টিং অ্যাকশন ফ্রেমওয়ার্ক অনুযায়ী ব্যাংক খাতের সংস্কারের জন্য দুর্বল ব্যাংকগুলোকে শক্তিশালী ব্যাংকের সাথে একীভূত করে দেয়ার যে নির্দেশনা ছিল সে অনুযায়ী এই সিদ্ধান্ত নেয়া হয়েছে। বিশেষজ্ঞরা বলছেন, ব্যাংক খাত সংস্কারের লক্ষ্য থেকে বাংলাদেশ ব্যাংক বিভিন্ন ব্যাংককে একীভূত করার যে সিদ্ধান্ত নিয়েছে তা নিঃসন্দেহে ভাল। তবে এটি আসলেই কতটা ফলপ্রসূ হবে তা নির্ভর করবে একীভূত ব্যাংকগুলো কতটা ভালোভাবে পরিচালিত হতে পারে তার উপর। বাংলাদেশ ব্যাংক জানিয়েছে, দেশের ৫০টি বেসরকারি ব্যাংকের মধ্যে ১০টি ব্যাংক দুর্বল হয়ে পড়েছে। এগুলো টিকে থাকতে হলে অন্যান্য ব্যাংকের সাথে একীভূত হওয়া ছাড়া আর কোনো উপায় নাই। ২০২৩ সালের ৫ই ডিসেম্বর ব্যাংক খাতে সংস্কারের অংশ হিসেবে প্রোম্পট কারেকটিভ অ্যাকশন-পিসিএ ফ্রেমওয়ার্ক প্রকাশ করে। ২০২৫ সালের ৩১শে মার্চ থেকে এটি কার্যকর হবে। এর মাঝামাঝি সময়ে দেশের ব্যাংকগুলোকে চারটি আলাদা ক্যাটাগরিতে ভাগ করা হয়েছে। এরমধ্যে প্রথমদিকের ক্যাটাগরিতে সবল ব্যাংক এবং ক্রমান্বয়ে দুর্বল ব্যাংকগুলোকে স্থান দেয়া হয়েছে। এই ক্যাটাগরি অনুযায়ী বিভিন্ন ব্যাংককে নানা ধরনের উদ্যোগ নেয়ার নির্দেশনা দেয়া হয়েছে। যার মধ্যে একটি হচ্ছে দুর্বল ব্যাংককে একীভূত করা।

**দুই ব্যাংকের অবস্থা কেমন?**

পদ্মা ও এক্সিম ব্যাংকের মধ্যে তুলনামূলক শক্ত অবস্থানে রয়েছে এক্সিম ব্যাংক। শরীয়াহ ভিত্তিক এই ব্যাংকটির ক্যামেলস রেটিংও ভাল। ২০২৩ সালের রেটিং অনুযায়ী `বি, ক্যাটাগরিতে রয়েছে এটি। অবশ্য বাংলাদেশে `এ, ক্যাটাগরির কোনো ব্যাংক নেই বলে উল্লেখ করা হয়েছে। ক্যামেলস রেটিং হলও আন্তর্জাতিকভাবে স্বীকৃত একটি মানদণ্ড যা ব্যবহার করে একটি ব্যাংকের সার্বিক অবস্থার মূল্যায়ন করা হয়। ক্যামেলস বা CAMELS এর পূর্ণ রূপ হলও Capital adequacy (মূলধনের পর্যাপ্ততা), Asset quality (সম্পদের গুণগত বৈশিষ্ট্য), Management (ব্যবস্থাপনা দক্ষতা), Earnings (আয়), Liquidity (তারল্য), and Sensitivity (স্পর্শকাতরতা)। এক্সিম ব্যাংকের চেয়ারম্যান নজরুল ইসলাম মজুমদার জানিয়েছেন, এক্সিম ব্যাংকের মোট পোর্টফোলিও প্রায় ৪৩ হাজার কোটি টাকা। আর পদ্মা ব্যাংকের পোর্টফোলিও মাত্র ৫ হাজার কোটি টাকা। পদ্মা ব্যাংক অনেক দুর্বল। তাদের পেইড আপ ক্যাপিটাল কম। আমানতের পরিমাণও কম। ঋণ যতটুকু আছে সেটার মান খুবই খারাপ। আমরা চেষ্টা করবো এটাকে উন্নত করার জন্য বলেন তিনি। পদ্মা ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক তারেক রিয়াজ খান বিবিসি বাংলাকে বলেন, বাংলাদেশ ব্যাংকের পিসিএ ফ্রেমওয়ার্ক অনুযায়ী, চার ধরনের বা ক্যাটাগরির ব্যাংক আছে। এরমধ্যে পদ্মা ব্যাংক ক্যাটাগরি ফোর-এ ছিল। তিনি বলেন, পদ্মা ব্যাংকের ব্যালেন্স-শিটের আকারটাও খুব ছোট। এক্সিম ব্যাংকের প্রিন্সিপাল ব্রাঞ্চের যে ব্যালেন্স-শিট তার তুলনায় আমার পুরো ব্যাংকের ব্যালেন্স-শিট ৪০% লোয়ার আরকি। মি. খান বলেন, এর আগে যখন বাংলাদেশ ব্যাংকের হস্তক্ষেপে ফার্মার্স ব্যাংক থেকে পদ্মা ব্যাংক করা হয়েছিল এই ব্যাংকটিকে রক্ষা করার জন্য। কিন্তু তাতেও খুব একটা লাভ হয়নি। কারণ এই ব্যাংকের এনপিএল বা খেলাপি ঋণ অনেক বেশি ছিল। আয়ের তুলনায় ব্যয় সব সময়ই বেশি ছিল। এ কারণে পরিচালনা ব্যয়ে বছরের পর বছর ধরে ঘাটতি চলছিল। এতে করে মূলধন কমে যাচ্ছিল। এসব কারণে ব্যাংকও আর্থিকভাবে দুর্বল হয়ে পড়েছে। ২০১৩ সালে অনুমোদন পেয়েছিল ফার্মার্স ব্যাংক। এই ব্যাংকের চেয়ারম্যান ছিলেন সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী মহীউদ্দীন খান আলমগীর। নানা ধরণের অনিয়ম-দুর্নীতিরি কারণে প্রতিষ্ঠার চার বছরের মাথায় সংকটে পড়ে এটি। ২০১৭ সালে পদ ছাড়তে বাধ্য হন তিনি। তখন ওই ব্যাংকটিকে বাঁচাতে পরিবর্তন আনা হয় পরিচালনা পর্ষদ এবং নির্বাহী কমিটিতেও। বছর দুয়েক পর নামও পরিবর্তন করে রাখা হয় পদ্মা ব্যাংক। তবে তারপরও ঘুরে দাঁড়াতে পারেনি ব্যাংকটি।

**যা যা বদলাবে**

এক্সিম ব্যাংকের চেয়ারম্যান নজরুল ইসলাম মজুমদার জানিয়েছেন পদ্মা ব্যাংকের নিজস্ব পরিচয় আর থাকবে না। এটা পুরোপুরি এক্সিম ব্যাংকে রূপান্তরিত হয়ে যাবে। সারা বিশ্বে দুই রকমভাবে ব্যাংক একীভূত হয়। একটি মার্জ, আরেকটি অ্যাকুইজেশন। তবে মি. মজুমদার বলেছেন যে, দুটো ব্যাংকের মধ্যে মার্জিং হচ্ছে। এটা অ্যাকুইজেশন না। তিনি আরো জানিয়েছেন, একীভূত হওয়ার পর পদ্মা ব্যাংক আর সাধারণ ব্যাংকিং নিয়মে পরিচালিত হবে না। বরং এটি ইসলামি শরীয়াহ ভিত্তিক ব্যাংকিং ধারায় চলে আসবে।পদ্মা এখন অটোমেটিক্যালি হয়ে যাবে। কারণ ও তো মার্জ হয়ে যাচ্ছে। ওরা ট্র্যাডিশনাল ব্যাংক হোক বা যে ব্যাংকই হোক না কেন ওদের তো আর নিজস্ব আইডেনটিটি থাকতেছে না। ওদের সেলফ আইডেনটিটি আর থাকবে না। প্রত্যেক জায়গায় ব্যানার হয়ে যাবে এক্সিম ব্যাংক। এটায় পদ্মার কোন কিছু থাকবে না আর কোন নাম থাকবে না। শেয়ার হোল্ডাররা যেমন আছে তেমনি থাকবে। আমানতকারীদের আমানতও সুষ্ঠু অবস্থায় থাকবে কারণ এক্সিম ব্যাংক বড় ব্যাংক।„ কাজেই ওদের আমানতকারীদের ভয় পাওয়ার কোন

কারণ নেই বলেও জানান তিনি। সারা দেশে পদ্মা ব্যাংকের বিভিন্ন শাখায় প্রায় এক হাজার মানুষ চাকুরীরত আছে। তাদের চাকুরীরও কোন ক্ষতি হবে না বলে জানিয়েছেন তিনি। কারণ হিসেবে তিনি বলেন, পদ্মা ব্যাংকের যে ৬০-৭০টি শাখা আছে সেগুলো পরিচালনা করার জন্যও এক্সিম ব্যাংকের জনবলের দরকার হবে। সে কারণে এক্সিম ব্যাংক নতুন করে কোন জনবল নিয়োগ করতে চায় না। বরং বর্তমানে থাকা পদ্মা ব্যাংকের জনবল দিয়েই সেগুলো পরিচালনা করতে চায়। যেহেতু ওরা ওই ব্যাংকটাকে বোঝে, আমরা কাউকে সেখান থেকে বিদায় করবো না। নিরুৎসাহিত করবো যাওয়ার জন্য। উৎসাহিত করবো থাকার জন্য। কারণ একসাথে হয়তো আমরা এটিকে ভাল করে তুলতে পারবো।

**কেন পদ্মা ব্যাংক?**

পদ্মা ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক তারেক রিয়াজ খান বলেন, বাংলাদেশ ব্যাংকের গভর্নরের ঘোষণা অনুযায়ী, ২০২৪ সালের ডিসেম্বর পর্যন্ত সবল ব্যাংকগুলো নিজেরাই পছন্দ করে সিদ্ধান্ত নিতে পারবে যে, তারা আসলে কোন ব্যাংকের সাথে একীভূত হতে চায়। এই সময়ের মধ্যে যদি কোন ব্যাংক নিজেরা একীভূত হওয়ার সিদ্ধান্ত নিতে না পারে, তাহলে বাংলাদেশ ব্যাংক নিজেই সিদ্ধান্ত দিবে এবং সেই অনুযায়ী ব্যাংকগুলোকে একীভূত হতে হবে। এর অংশ হিসেবে পদ্মা ব্যাংক বাংলাদেশের ইতিহাসে প্রথম ব্যাংক হিসেবে এক্সিম ব্যাংকের সাথে একীভূত হয়ে যাবে। সোমবার এমওইউ সই হওয়ার পর বাংলাদেশ ব্যাংকের এ সম্পর্কিত নীতি অনুযায়ী পরবর্তী প্রক্রিয়াগুলো সম্পন্ন হবে। এক্সিম ব্যাংকই পদ্মা ব্যাংককে একীভূত হওয়ার প্রস্তাব দেয় বলে জানান তিনি। আর পদ্মা ব্যাংক সেটা গ্রহণ করে। তিনি বলেন,কেন্দ্রীয় ব্যাংকের গভর্নর বাংলাদেশের ব্যাংক এসোসিয়েশনের সদস্যদের ডেকে নির্দেশনা দিয়ে বলেছিলেন বাংলাদেশের ক্যামেলস রেটিং এবং পিসিএ ফ্রেমওয়ার্কের র‍্যাঙ্কে যে স্ট্রং ব্যাংক আছে তাদেরকেই বলা হয়েছিল যে তারা পছন্দ করবে। এর জের ধরেই এক্সিম ব্যাংক পদ্মা ব্যাংককে বেছে নেয়। তিনি জানান দুর্বল ব্যাংকের আসলে পছন্দ করার কোন সুযোগ নেই যে তারা কোন ব্যাংকের সাথে একীভূত হবে। বাংলাদেশ ব্যাংকের ফ্রেমওয়ার্কেও এটা নেই। এক্সিম ব্যাংকের চেয়ারম্যান নজরুল ইসলাম মজুমদার বলেন, খারাপ অবস্থায় থাকা ব্যাংকগুলোর মধ্যে পদ্মার অবস্থাই তুলনামূলক কম খারাপ। এ কারণেই এটিকে বেছে নেয়া। ট্রায়াল এন্ড এরর, এ দেখেছি মার্কেটে যেসব ব্যাংক রয়েছে যেগুলোর অবস্থা আরো বেশি খারাপ। পদ্মার চেয়ে আরো খারাপ ব্যাংকও আছে। সে কারণে আমরা সেদিকে যাই নাই। তিনি বলেন, গভর্নর সাহেবকে আমি প্রপোজ করলাম। উনি বললেন আপনারা মিলে গেলে আমরা কোন আপত্তি নাই। এরপর বোর্ড মিটিং করলাম। বোর্ড মিটিংয়ে শতভাগ ডিরেক্টর উপস্থিত ছিলেন এবং এখানেই সর্বসম্মতিক্রমে দুই ব্যাংকের মিলে যাওয়ার সিদ্ধান্ত হয়।

**কতটা কাজ করবে?**

পদ্মা ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক তারেক রিয়াজ খান বলেন একটা দুর্বল ব্যাংককে যখন একীভূত করা হয় তখন বাংলাদেশ ব্যাংকের কিছু পলিসি সাপোর্ট দুই ব্যাংকই নেয়। যাতে করে সবল ব্যাংকের রিটার্ন আর্নিংয়ে কোন ধরণের প্রভাব না পড়ে। তিনি বলেন, পদ্মা ব্যাংকের যে নেটওয়ার্ক আছে অর্থাৎ ৬০টি শাখা ও ৪০টি উপশাখা আছে। এগুলো দখল করে তারা তাদের ব্যবসায়িক পরিকল্পনার অংশ বানিয়ে ফেলতে পারবে। কারণ আমাদেরও তো একটা কাস্টমার বেইজ আছে। এমন তো না যে আমাদের জিরো কাস্টমার বেইজ।তিনি বলেন, পদ্মা ব্যাংকের ২ হাজার ১৮৬ কোটি টাকার একটা ডিপোজিট বেইজ আছে প্রায় এক লাখ ৫০ হাজার কাস্টমার আছে। এটা সবল ব্যাংক নিয়ে নিলে তার ব্যাংকিং সুবিধাটা কাস্টমারদের দোরগোড়ায় নিয়ে যাওয়া যাবে। এতে করে পদ্মা ব্যাংকের কাস্টমারদের ডিপোজিট সুরক্ষিত হয়ে যাবে। আর একই সাথে এক্সিম ব্যাংক পদ্মা ব্যাংকের নেটওয়ার্ক ব্যবহার করে ব্যবসায়িকভাবে আরো লাভবান হওয়ার কৌশল তৈরি করবে। এটা দুই ব্যাংকের জন্যই একটা উইন-উইন সিচুয়েশন। আমাদের ব্যাংকের আর কোন অস্তিত্ব থাকবে না। তবে এক্সিম ব্যাংক ম্যাসিভ লেভেলের বেনেফিট পাবে দীর্ঘমেয়াদী। সাবেক ব্যাংকার ও অর্থনীতিবিদরা সবল ও দুর্বল ব্যাংক একীভূত হওয়ার এই পদক্ষেপকে স্বাগত জানিয়েছেন। তারা বলছেন, দেশের ব্যাংক খাতের সংস্কার ও উন্নয়নে এটি ভূমিকা রাখতে পারে। তবে এই একীভূত হওয়ার প্রক্রিয়া কী হয় এবং বাংলাদেশ ব্যাংক কী ধরণের নির্দেশনা দেয় তার উপর নির্ভর করবে যে পুরো বিষয়টি আসলে কতটা ফলপ্রসূ হলো। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যাংকিং ও ইনস্যুরেন্স বিভাগের শিক্ষক অধ্যাপক ড. হাসিনা শেখ বলেন বাংলাদেশ ব্যাংক যেটা বলেছে যে মূল লক্ষ্যটা হচ্ছে সবল ও দুর্বল ব্যাংকের একীভূত করার মাধ্যমে ভালো কিছু তৈরি করা। এটি স্বাগত জানানোর মতো বিষয়। তবে চূড়ান্ত ফলাফল কেমন হবে সেটা দুর্বল ব্যাংকের সম্পদের কী হবে, দায়ের কী হবে, খারাপ ঋণের কী হবে সেগুলো খতিয়ে দেখা ব্যতীত বলার সুযোগ নেই বলে জানান তিনি। সম্পদের বণ্টন কীভাবে হয় এবং ল্যায়াবিলিটিটা অনেক বড় ইস্যু হয়ে যাবে এখানে। এক্সিম ব্যাংকের মতো একটা ভাল ব্যাংক ল্যায়াবিলিটির কতটা শেয়ার করবে? ব্যাড লোনের একটা বড় ইস্যু আছে। তার চেয়েও অনেক বড় ইস্যু আছে মার্কেট রেপুটেশন, কাস্টমারের ট্রাস্ট, কাস্টমারের কনফিডেন্স- এক্সিম ব্যাংকের জন্য এগুলো বড় ইস্যু হয়ে দাঁড়াবে। এছাড়া এক্সিম ব্যাংক হচ্ছে শরীয়াহ ভিত্তিক ব্যাংক। অন্যদিকে পদ্মা ব্যাংক কনভেনশনাল ব্যাংক। এটা একটা ইস্যু রয়েছে। আমরা চাই না

যে পদ্মা ব্যাংক যেভাবে ফার্মার থেকে পদ্মা হয়েছিল এক্সিমের মতো ভাল ব্যাংকটা ওইভাবে যাক এটা আমরা ডেফেনিটলি চাই না। তিনি মনে করেন এ কারণে একীভূত হওয়ার প্রক্রিয়াটা কেন্দ্রীয় ব্যাংকের এতো নিখুঁত ভাবে করা উচিত যাতে ব্যাংকটি ঘুরে দাঁড়াতে পারে। অনেকটা একই রকমের মত দিয়েছেন সাবেক ব্যাংকার ও অর্থনীতিবিদ নুরুল আমিনও। তিনি বলেন, দুটি ব্যাংক যেহেতু আলাদা ব্যাংকিং নীতিতে চলে তাই একীভূত হওয়ার পর যেকোন একটি ধারায় কাজ করতে হবে। কারণ একীভূত ব্যাংক দুই ধারায় কাজ করতে পারবে না। যদি না তারা একটি উইং হিসেবে কাজ করে। এক্ষেত্রে এক্সিম ব্যাংক যেহেতু সবল এবং তারা ইসলামি ধারায় পরিচালিত হয় তাই পদ্মা ব্যাংককেও তাদের ধারায় চলে যেতে হবে বলে মনে করেন তিনি। লাভের দিক থেকে বলা যায় ব্যবস্থাপনার দিক থেকে কিছুটা ব্যয় কমবে। শাখার সংখ্যা বাড়লে ব্যবসার পরিধি বাড়বে। কিন্তু খারাপ ঋণের বিষয়টি এখান থেকে বাদ দিতে হবে আগে। তবে সব মিলিয়ে লাভের পরিমাণটাই বেশি হবে বলে মনে করেন তিনি। তবে এখানে গুরুত্বপূর্ণ দিকটি হবে কাস্টমারদের বিশ্বাসের জায়গাটা গড়ে তোলা। আর এর প্রতি মানুষের আস্থা তখনই তৈরি হবে যখন দুটো ব্যাংক একসাথে ভাল ভাবে পরিচালিত হতে পারবে।(বিবিসি ওয়েব পেজ: ১৬.০৩.২০২৪ রুবাইয়া)

## আমি ফাইটার, মানুষ আমি বাঁচতে চাইছিলাম,-ফেসবুক পোস্ট দিয়ে শিক্ষার্থী অবন্তিকার আত্মহত্যা

বাংলাদেশের রাজধানী ঢাকার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের একজন শিক্ষার্থী কুমিল্লায় তার নিজ বাড়িতে আত্মহত্যার পর শুক্রবার রাতেই প্রতিবাদ বিক্ষোভে উত্তাল হয়ে উঠেছিলো ওই বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাস। রাত প্রায় আড়াইটা পর্যন্ত ওই ছাত্রীকে আত্মহননে বাধ্য করার জন্য দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে, ব্যবস্থা নেয়ার দাবিতে বিক্ষোভ সমাবেশ করেছে শিক্ষার্থীরা। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এ ঘটনায় ওই ছাত্রীর একজন সহপাঠীকে সাময়িক বহিষ্কার ও একজন সহকারী প্রক্টরকে সাময়িক বরখাস্ত করেছে। ওই শিক্ষার্থী ফাইরুজ অবন্তিকা আত্মহত্যার আগে এক ফেসবুক পোস্টে তার মৃত্যুর জন্য একজন সহপাঠী ও একজন সহকারী প্রক্টরকে দায়ী করেছেন। এতে তিনি লিখেছেন `আমার উপর দিয়ে কী গেলে আমার মতো নিজেকে এতো ভালোবাসে যে মানুষ সে মানুষ এমন কাজ করতে পারে। আমি জানি এটা কোনো সলিউশন না কিন্তু আমাকে বাঁচতে দিতেসে না বিশ্বাস করেন। আমি ফাইটার মানুষ। আমি বাঁচতে চাইছিলাম... এটা সুইসাইড না, এটা মার্ডার। টেকনিক্যালি মার্ডার। তার মা আজ সাংবাদিকদের বলেছেন মূলত ওই সহকারী প্রক্টর আর কয়েকজন সহপাঠীর মানসিক উৎপীড়নের কারণেই আত্মহত্যায় বাধ্য হয়েছে তার মেয়ে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য সাদেকা হালিম বিবিসি বাংলাকে জানিয়েছেন সুইসাইড নোটে ওই শিক্ষার্থী তার একজন সহপাঠীকে ও বিশ্ববিদ্যালয়ের একজন সহকারী প্রক্টরকে অভিযুক্ত করায় শিক্ষার্থীকে সাময়িক বহিষ্কার ও শিক্ষককে সাময়িক বরখাস্ত করে একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। দ্রুত এ ব্যাপারে ব্যবস্থা নেয়া হচ্ছে বলছিলেন তিনি। তবে অবন্তিকার এসব অভিযোগ অস্বীকার করেছেন অভিযুক্ত শিক্ষার্থী ও সহকারী প্রক্টর। অনেক দিন ধরে অবন্তিকার সঙ্গে তাদের কোন যোগাযোগ ছিল না বলে দাবি করেছেন। বিশ্ববিদ্যালয় শিক্ষার্থী ও সাংবাদিকদের অনেকে জানিয়েছে ফাইরুজ অবন্তিকা ক্যাম্পাস কেন্দ্রিক বিভিন্ন সংগঠনে সক্রিয় ছিলেন। সম্প্রতি ওই বিশ্ববিদ্যালয়ের ছাত্রী খাদিজাতুল কোবরা ডিজিটাল নিরাপত্তা আইনের আটকের পর তার মুক্তির দাবিতে গড়ে ওঠা আন্দোলনেও সক্রিয় ছিলেন তিনি।

### ফেসবুক পোস্ট ও আত্মহনন

শুক্রবার রাত ৯ টা ৫৫ মিনিটে নিজের ফেসবুক পাতায় সুইসাইড নোট পোস্ট করেন ফাইরুজ অবন্তিকা। এরপর কুমিল্লা শহরে নিজের বাড়িতেই আত্মহত্যা করেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের এই শিক্ষার্থী। নিজ রুমের সিলিং ফ্যান থেকে ঝুলন্ত অবস্থায় তাকে উদ্ধার করে স্থানীয় একটি হাসপাতালে নেয়ার পর চিকিৎসকরা তাকে মৃত ঘোষণা করেন। কিছুক্ষণের মধ্যেই এ ঘটনার খবর ক্যাম্পাসে পৌঁছালে উত্তাল হয়ে ওঠে জগন্নাথ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস। রাত একটা নাগাদ উপাচার্য সাদেকা হালিম ঘটনাস্থলে পৌঁছে অবন্তিকা যাদের বিরুদ্ধে অভিযোগ করেছে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার কথা জানান। ফাইরুজ অবন্তিকা তার পোস্টে সহপাঠী রায়হান সিদ্দিকী আম্মানে বিরুদ্ধে যৌন হয়রানিমূলক মন্তব্য করা এবং সহকারী প্রক্টর দ্বীন ইসলাম প্রক্টর অফিসে ডেকে গালিগালাজ করেছেন বলে উল্লেখ করেছেন। অবন্তিকা তার পোস্টে লিখেছেন `আম্মান নামক আমার ক্লাসমেট ইভটিজারটা আমাকে এটাই বলছিল যে, আমার জীবনের এমন অবস্থা করবে যাতে আমি মরা ছাড়া কোনো গতি না পাই। তাও আমি ফাইট করার চেষ্টা করছি। এখন দেয়ালে পিঠ ঠেকে গেছে সহ্য ক্ষমতার।, যদিও মি. ইসলাম বিবিসি বাংলাকে বলেছেন দু'বছর আগে সহপাঠীদের একটি অভিযোগের বিষয়ে অবন্তিকা ও তার বাবা-মায়ের সাথে তার কথা হয়েছে। তারা তখন আমার অফিসেও এসেছিলেন। এরপর থেকে তাকে কখনোই ডাকিনি এবং এমন কোনো আচরণও তার সাথে করিনি বলছিলেন তিনি। অন্যদিকে এ বিষয়ে কথা বলতে রায়হান সিদ্দিকীকে ফেসবুক ও হোয়াটসঅ্যাপে যোগাযোগ করলেও তিনি সাড়া দেননি। তবে এক ফেসবুক পোস্টে তিনি আত্মপক্ষ সমর্থন করে বক্তব্য দিয়েছেন। সেখানে বিভিন্ন ঘটনার বর্ণনা দিয়ে লিখেছেন, তাকে কোনোভাবেই ডিস্টার্ব করার মতো মানসিকতা আমার কখনোই ছিল না। এই ছিল পুরো ঘটনা। সে আমাকে ব্লক করে রেখেছিল। তার সাথে আমি আজকে পর্যন্তও ফেসবুকে বা অন্য কোন মাধ্যমে কথাই বলিনি।

**ঘটনার সূত্রপাত কোথায়**

অবন্তিকার মা কুমিল্লায় সাংবাদিকদের বলেছেন কয়েকজন সহপাঠী ও সহকারী প্রক্টর দ্বীন ইসলামের মানসিক উৎপীড়নের কারণেই তার মেয়ে আত্মহত্যায় বাধ্য হয়েছে। তবে অভিযুক্ত সহকারী প্রক্টর দ্বীন ইসলাম বিবিসি বাংলাকে বলছেন দু'বছর আগে ফাইরুজ অবন্তিকার সাথে তারই কয়েকজন সহপাঠীর বিরোধ শুরু হয় ভুয়া ফেসবুক অ্যাকাউন্ট নিয়ে। এ নিয়ে থানায় একটি জিডিও হয়। পরে উভয় পক্ষকে নিয়ে আলোচনায় বসে বিষয়টি মিটমাট করা হয়েছে বলে দাবি করেন তিনি। যদিও এরপরেও জিডিটি আর তুলে নেয়া হয়নি এবং এ নিয়ে অবন্তিকার বাবা-মাও কয়েকবার এসে প্রক্টর অফিসে অনুরোধ করলেও কাজ হয়নি। বিশ্ববিদ্যালয়ে অবন্তিকার ঘনিষ্ঠ অনেকে ফেসবুকে লিখেছেন ওই ঘটনার পর থেকে ব্যাপকভাবে মানসিক উৎপীড়নের শিকার হচ্ছিলেন অবন্তিকা। আইন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীদের কয়েকজন জানিয়েছেন এরপর থেকে সহপাঠীরা অনেকে তার সাথে বসতো না, কথা বলতো না এমনকি তিনি বুলিংয়ের শিকার হয়ে আসছিলেন। এক পর্যায়ে হল ছেড়ে অন্যত্র আরেক ছাত্রীর সঙ্গে থাকতে বাধ্য হন তিনি। নাশিয়া জাহিন রোদেলা তার ফেসবুক পাতা (অ্যাস্থেটিক বাই রোদেলা)তে লিখেছেন আমার সাথে ঘণ্টার পর ঘণ্টা বলতো যে ভার্সিটিতে ওর দম বন্ধ হয়ে আসে। ওরই কিছু সহপাঠী পুরো ব্যাচকে ওর বিরুদ্ধে উস্কায়া দিছে। দিনের পর দিন পুরো ক্লাস-এর মানুষ ওর সাথে বসতো না, কথা বলতো না। ওরা চাইছিল অবন্তী যেন আর কন্টিনিউ করতে না পারে। এরপরেও মেয়েটা মনকে শক্ত করে ক্লাস এ যেত। ওকে দেখলে লিটারেলি ওর সামনে বুলি করতো, হ্যারেস করতো পুরোটা ক্লাস। গত মাসেই দায়িত্ব নেয়া বিশ্ববিদ্যালয়ের বর্তমান প্রক্টর ডঃ মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন বিবিসি বাংলাকে বলছেন যে, ঘটনাটি অনেক পুরনো হওয়ায় এটি তাদের জানা ছিল না এবং সাম্প্রতিককালে অবন্তিকা এমন কোনো অভিযোগও করেনি। তারপরেও পুরনো ফাইল দেখে মনে হচ্ছে যে মানসিক চাপটা সে নিতে পারেনি। অভিযুক্তদের বিরুদ্ধে দ্রুত ব্যবস্থা নেয়া হয়েছে। তদন্ত শেষে চূড়ান্ত সিদ্ধান্ত হবে বলছিলেন মি. হোসেন।

(বিবিসি ওয়েব পেজ: ১৬.০৩.২০২৪ রুবাইয়া)

## ভয়েস অফ আমেরিকা

### আয়ারল্যান্ডের বাণিজ্যমন্ত্রী সাইমন কোভেনি বাংলাদেশ সফরে আসছেন রবিবার

দ্বিপক্ষীয় বাণিজ্য ও বিনিয়োগ জোরদারের লক্ষ্যে, রবিবার (১৭ই মার্চ) বাংলাদেশ সফরে আসছেন আয়ারল্যান্ডের এন্টারপ্রাইজ, বাণিজ্য ও কর্মসংস্থানমন্ত্রী সাইমন কোভেনি। তিনি তার সরকারের `সেন্ট প্যাট্রিক ডে, কর্মসূচির অংশ হিসেবে ভারত ও বাংলাদেশে ৭ দিনের সরকারি সফর করছেন। আয়ারল্যান্ড সরকার জানিয়েছে, বাংলাদেশ সফরের সময় মন্ত্রী কোভেনি আনুষ্ঠানিকভাবে ঢাকায় আয়ারল্যান্ডের প্রথম অনারারি কনস্যুলেট উদ্বোধন করবেন এবং রাজনৈতিক, বাণিজ্য ও আয়ারল্যান্ড-বাংলাদেশ কমিউনিটির বেশ কয়েকটি বৈঠকে অংশ নেবেন। ভারতে নিযুক্ত আয়ারল্যান্ডের রাষ্ট্রদূত কেভিন কেলি বলেন "সেন্ট প্যাট্রিক ডে-২০২৪ উপলক্ষ্যে ভারত ও বাংলাদেশে মন্ত্রী কোভেনিকে স্বাগত জানাতে পেরে আমি আনন্দিত। আমি আরো আনন্দিত যে মন্ত্রী কোভেনি আনুষ্ঠানিকভাবে বাংলাদেশের রাজধানী ঢাকায় আয়ারল্যান্ডের প্রথম অনারারি কনস্যুলেট উদ্বোধন করবেন; যা বাংলাদেশের সঙ্গে আমাদের সম্পর্কের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ মাইলফলক;„ রাষ্ট্রদূত কেভিন কেলি যোগ করেন। ঢাকার সঙ্গে দ্বিপক্ষীয় সম্পর্ক আরো সম্প্রসারণের লক্ষ্যে আয়ারল্যান্ড সম্প্রতি বাংলাদেশে কসমস গ্রুপের উপ-ব্যবস্থাপনা পরিচালক মাসুদ জামিল খানকে অনারারি কনসাল হিসেবে নিয়োগ দিয়েছে। সাইমন কোভেনি,র সফর সম্পর্কে মাসুদ জামিল খান বলেন, বিদ্যমান চমৎকার সম্পর্কের ওপর ভিত্তি করে বাংলাদেশ ও আয়ারল্যান্ডের দ্বিপক্ষীয় সম্পর্ক জোরদারে একসঙ্গে কাজ করার এবং বিস্তৃত ক্ষেত্রে সহযোগিতার সম্ভাবনা কাজে লাগানোর সুযোগ রয়েছে। বাংলাদেশ দ্রুত বর্ধনশীল দেশ এবং আয়ারল্যান্ড উন্নত ও শিক্ষিত দেশ। উভয় পক্ষ একসঙ্গে বেশ ভালো কাজ করতে পারে বলে উল্লেখ করেন মাসুদ জামিল খান। বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ, শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন এবং বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম টিটুর সঙ্গে বৈঠক করবেন কোভেনি। আয়ারল্যান্ড ১৯৭২ সালের প্রথম দিকে বাংলাদেশকে স্বীকৃতি দেয়। এর পর থেকে বাংলাদেশ ও আয়ারল্যান্ডের মধ্যে চমৎকার দ্বিপক্ষীয় সম্পর্ক বিরাজ করছে।

(ভোয়া ওয়েব পেজ : ১৬.০৩.২০২৪ এলিনা)

### বাংলাদেশে দ্বিতীয় বাকশাল কায়েম হয়েছে : মঈন খান

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির স্থায়ী কমিটির সদস্য ড. আব্দুল মঈন খান বলেছেন যে দেশে 'দ্বিতীয় বাকশাল' কায়েম করা হয়েছে। শনিবার (১৬ মার্চ), সম্প্রতি কারাগার থেকে বের হওয়া ঢাকা জেলা যুবদলের সাবেক সভাপতি রেজাউল করিম পলের বাসায় যান মঈন খান। সেখানে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এ কথা বলেন তিনি। আপনারা জানেন, অতীতে গণতন্ত্রকে হত্যা করে সংসদে বাকশাল কায়েম করা হয়েছিলো। এখন বিরোধীদের কোনো জায়গা নেই। এটাই হলো আজকের বাংলাদেশের বাস্তবতা;„ বলেন আব্দুল মঈন খান। তিনি আরো বলেন,

"আমরা বারবার বলেছি, দমন-পীড়নের মাধ্যমে বিরোধী দলকে নিশ্চিহ্ন করা অসম্ভব। আমরা জনগণের শক্তিতে বিশ্বাস করি। বিএনপির প্রতিষ্ঠাতা শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান বলেছিলেন, জনগণই সকল ক্ষমতার উৎস। তারা (আওয়ামী লীগ) বলে বিএনপির জন্ম নাকি ক্যান্টনমেন্টে... আমি জানি না তারা কোথা থেকে এই তথ্য পেয়েছে। তবে আমি বিষয়টি পরিষ্কার করতে চাই। জিয়াউর রহমান সৈনিক ছিলেন, কিন্তু তিনি বাকশাল শাসন থেকে মুক্ত করে বহুদলীয় গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠা করেছিলেন;„ মঈন খান যোগ করেন। তিনি আরো বলেন, আওয়ামী লীগ নিজেদের গণতন্ত্রপন্থী ও স্বাধীনতাকামী দল বলে দাবি করলেও গণতন্ত্র চুরি করে একদলীয় বাকশাল শাসন কায়েম করেছে। এখানেই আওয়ামী লীগ ও বিএনপির মধ্যে পার্থক্য; বলেন মঈন খান। ড. মঈন প্রশ্ন করেন, আওয়ামী লীগ দাবি করে তারা গণতন্ত্রপন্থী রাজনৈতিক দল, তাহলে তারা কেন দেশে গণতন্ত্রকে হত্যা করছে? বাংলাদেশ প্রতিষ্ঠার মূল চেতনা গণতন্ত্র বলে উল্লেখ করে তিনি বলেন, "গণতন্ত্রের সৌন্দর্য ক্ষমতাসীন ও বিরোধী দলের সহাবস্থানে। কিন্তু, আওয়ামী লীগ তা বিশ্বাস করে না।

**আসাদুজ্জামান খান : 'বিএনপি জনগণ থেকে বিচ্ছিন্ন হয়ে পড়েছে**

এদিকে, বৃহস্পতিবার (৭ই মার্চ) বাংলাদেশের স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান বলেছেন যে, বিএনপি জনগণ থেকে বিচ্ছিন্ন হয়ে পড়েছে। গত ২৮ই অক্টোবর তারা সর্বনাশ করেছিল। তাদের নেতা ইংল্যান্ড থেকে নির্দেশনা দেন, কিন্তু তাদের কর্মীদের কী হবে তা নিয়ে ভাবেন না। তাদের ভুল অনুধাবন না হলে, তারা বিলুপ্ত হয়ে যাবে;„ উল্লেখ করেন আসাদুজ্জামান খান। তিনি বারো বলেন, ২০০৮ সালের নির্বাচনে বিএনপি ৩০ টি আসনে জয়লাভ করেছিল। ২০১৪ সালে, তারা নির্বাচন না করে ধ্বংসযজ্ঞ শুরু করে এবং মানুষকে পুড়িয়ে হত্যা করে। গত নির্বাচনে বিদেশিদের ভূমিকা প্রসঙ্গে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, "অনেক দেশ অনেক কথা বলে। তবে, সবাই জানে সেখানে কীভাবে গণতন্ত্রের চর্চা হয়। কিছু উন্নত দেশে ২০ থেকে ২৫ শতাংশ ভোট পড়ে। আমাদের ভোট ৪২ শতাংশ। কেউ যদি বলে নির্বাচন সুষ্ঠু হয়নি, তাহলে আমাদের কিছু বলার নেই;„ বলেন বাংলাদেশের স্বরাষ্ট্রমন্ত্রী। প্রধানমন্ত্রী শেখ হাসিনা এদেশে সুস্থ গণতান্ত্রিক ধারা বজায় রাখার কথা ভাবছেন বলে উল্লেখ করেন আসাদুজ্জামান খান। বলেন, "তিনি দেশকে এগিয়ে নিয়ে যাওয়ার কথা ভাবছেন। (ভোয়া ওয়েব পেজ : ১৬.০৩.২০২৪ এলিনা)

## রমজানে দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি, আর্থিক চাপে শহরাঞ্চলের মধ্যবিত্ত

রমজানে দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতির চাপে কঠিন সময় পার করছে বাংলাদেশের শহরাঞ্চলের মধ্যবিত্ত ও নিম্ন-মধ্যবিত্ত পরিবারগুলো। রোজার মাসে পরিবার ভেদে গড়ে মাসিক ব্যয় বেড়েছে ১০ হাজার থেকে ১৫ হাজার টাকা। এর ফলে, আর্থিক চাপে পড়েছে শহুরে সীমিত আয়ের মানুষ। বেসরকারি কোম্পানিতে চাকরি করেন কাজী শরিফুল হক। তিনি ইউএনবিকে বলেন, রমজানে ইফতার ও সেহরির সময় যে খাবার খাওয়া হয়, তাতে অন্য সময়ের থেকে মাসে খাবার খরচ বেশি হয়। ফলে, ফল, গরুর মাংস ও খাসির মাংসের মতো খাদ্য পণ্যে ব্যবহার কমে যায় শরিফুলের সঙ্গে কথা হয় রাজধানী ঢাকার প্রধান কাঁচাবাজার কারওয়ানবাজারে। তিনি সেখানে গিয়েছিলেন পুরো সপ্তাহের বাজার করতে। তিনি বলেন, তার অভিজ্ঞতায় বেশিরভাগ পণ্যের দাম কেজিপ্রতি ১০-৩০ টাকা পর্যন্ত বেড়েছে। রমজান মাসের শুরুতেই মাছের দাম কেজিপ্রতি বেড়েছে ১০০ থেকে ১৫০ টাকা, মুরগির মাংস ১৫ থেকে ২০ টাকা, ছোলা, মসুর ডাল, পেঁয়াজ, রসুনসহ বিভিন্ন পণ্যের দাম কেজিতে ১০ থেকে ৩০ টাকা পর্যন্ত বেড়েছে। সরকার নির্ধারিত মূল্যে খেজুর পাওয়া যায় না বলে জানান শরিফুল। তিনি বলেন, আপেল, মাল্টাসহ কিছু ফল প্রতি কেজি ৩০০ থেকে ৩৫০ টাকায় বিক্রি হচ্ছে। মাঝারি মানের খেজুর বিক্রি হচ্ছে ৮০০ থেকে ১০০০ টাকা কেজি দরে। শরিফুল আরো জানান, চাল ও ভোজ্য তেলের দাম এখনো স্থিতিশীল। তবে সংসার খরচ শুধু বাজার-খরচের মধ্যেই সীমাবদ্ধ নয়। ওষুধ (স্বাস্থ্য), পানির বিল, গ্যাস বিল, বিদ্যুৎ খরচ, বাড়ি ভাড়াসহ প্রায় প্রতিটি ক্ষেত্রেই মানুষকে অতিরিক্ত ব্যয় করতে হচ্ছে। বিভিন্ন বিল ও দ্রব্যমূল্য শহরের মধ্যবিত্তকে চেপে ধরছে, বিশেষত শরিফুলের মতো সীমিত আয়ের মানুষকে। সর্বশেষ দুই বছর আগে তার কর্মস্থলে বেতন বাড়ানো হয়েছিলে বলে জানান তিনি। এই দুই বছরে বাংলাদেশে মুদ্রাস্ফীতি হয়েছে। এ কারণে, আর্থিক চাপে হতাশা বোধ করেন তিনি। পণ্যমূল্যের ঊর্ধ্বগতির কারণে শরিফুলের মতো অবস্থা অধিকাংশ শহুরে মধ্যবিত্ত মানুষের। ২০০৯ সালের বৈশ্বিক আর্থিক সংকটের পর, যুক্তরাজ্যের পার্লামেন্টের সাবেক বিরোধীদলীয় নেতা লেবার পার্টির এড মিলিব্যান্ড বাংলাদেশের পরিপ্রেক্ষিতে 'স্কুইজড মিডল' শব্দটি চয়ন করেছিলেন। অক্সফোর্ড ইংরেজি অভিধান ২০১১ সালে শব্দটিকে তাদের 'ওয়ার্ড অফ দ্য ইয়ার' হিসেবে বিবেচনা করে। এর সংজ্ঞায় বলা হয়, "এটি এমন একটি শ্রেণির সমন্বয়ে গঠিত সমাজ, যাদের আয় নিম্ন বা মধ্যম স্তরের। এরা মুদ্রাস্ফীতি, মজুরি হিমায়িত ও অর্থনৈতিক সংকটের সময় খরচ কমাতে বাধ্য হয়। সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) নির্বাহী পরিচালক ড. ফাহমিদা খাতুন ইউএনবিকে বলেন, মুদ্রাস্ফীতি ও এলোমেলোভাবে বৈদেশিক মুদ্রা বিনিময় হার উঠানামা (আমদানি পণ্যের দামকে প্রভাবিত করে) শহরাঞ্চলে জীবনযাত্রার ব্যয় বাড়িয়ে তুলেছে; কারণ, শহুরে মানুষ সরবরাহ চেইনের ওপর নির্ভরশীল। ফাহমিদা খাতুন আরো বলেন, গ্রামাঞ্চলে একটি পরিবারের ভোগ করা পণ্যের ৬০ থেকে ৭০ শতাংশই উৎপাদিত হয় নিজের জমিতে, যা শহরে হয় না। মধ্যবিত্তদের বেশিরভাগই ভাড়া বাড়িতে বসবাস করছেন।

ফলে দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি নগর জীবনকে আরো মারাত্মকভাবে প্রভাবিত করছে। শুধু ভোগ্যপণ্যের দাম নয়; স্বাস্থ্যসংক্রান্ত ব্যয় ও নানা ধরনের (ইউটিলিটি) বিল বেড়েছে। কোভিডের প্রাদুর্ভাব (২০২০-২০২২) কমে যাওয়ার পর, পরিবারের আয়, মূলত বেতন বাড়েনি। ফলে দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতির চাপে পড়েছেন চাকরিজীবীরা;„ বলেন ড. ফাহমিদা। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) মতে, ২০২৩ সালের নভেম্বরে টানা ২২ তম মাস বাংলাদেশে গড় মজুরি প্রবৃদ্ধি ছিলো মুদ্রাস্ফীতির হারের অনেক নিচে। কনজ্যুমারস অ্যাসোসিয়েশন অফ বাংলাদেশের (ক্যাব) সভাপতি গোলাম রহমান জানান, আমদানি করা হোক বা দেশে উৎপাদিত হোক; সব ধরনের পণ্যের দাম বেড়েছে। তিনি বলেন, ”চাকরিজীবীদের আয় না বাড়লেও, অন্যদের পাশাপাশি তাদেরও ব্যয় বেড়েছে। আর এই ব্যয় বৃদ্ধি, নির্দিষ্ট আয়ের গোষ্ঠীর জন্য একটি বিশেষ বোঝা হয়ে দাঁড়িয়েছে। যদি যৌক্তিক ও পদ্ধতিগতভাবে দাম বাড়ানো হয়, অর্থাৎ বাজারের মৌলিক বিষয়গুলো মেনে চলা হয়, তবে, এই বোঝা নিয়ন্ত্রণযোগ্য থাকবে। কিন্তু, যখন স্বেচ্ছাচারিতা করে, তখন জনগণের পক্ষে এটি খুব কঠিন হয়ে যায়;„ বলেন ক্যাব সভাপতি গোলাম রহমান। এবিষয়ে কর্তৃপক্ষকে আরো মনোযোগ দেয়ার পরামর্শ দেন তিনি। ”কারণ, দেশে মূল্যবৃদ্ধি, মজুতদারি ইত্যাদির বেশ কয়েকটি উদাহরণ রয়েছে এবং এর বিরুদ্ধে আইন রয়েছে;„ বলেন ক্যাব সভাপতি।
(ভোয়া ওয়েব পেজ : ১৬.০৩.২০২৪ এলিনা)

## জিম্মি জাহাজ এমভি আবদুল্লাহর সঙ্গে যোগাযোগের চেষ্টা করেছে ভারতের নৌবাহিনী

বাংলাদেশের পতাকাবাহী জিম্মি জাহাজ এমভি আবদুল্লাহর সঙ্গে কয়েক দফা যোগাযোগের চেষ্টা করেছে ভারতের নৌবাহিনী। শুক্রবার বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে এ তথ্য জানায় ভারতের নৌবাহিনী। তারা একটি ছবিও প্রকাশ করেছে। মোজাম্বিক থেকে সংযুক্ত আরব আমিরাত যাওয়ার পথে, বাংলাদেশের পতাকাবাহী জাহাজ এমভি আবদুল্লাহর জলদস্যুদের হাতে জিম্মি হওয়ার পর, ভারতের নৌবাহিনী একটি যুদ্ধজাহাজ ও একটি দূরবর্তী টহল জাহাজ (এলআরএমপি) মোতায়েন করেছে। ভারতের নৌবাহিনী এই ঘটনার খবর পেয়ে, তাৎক্ষণিকভাবে এলআরএমপি জাহাজ মোতায়েন করে। ১২ মার্চ (মঙ্গলবার) সন্ধ্যায় এমভি আবদুল্লাহর অবস্থান নিশ্চিত হওয়ার পর, জাহাজের ক্রুদের অবস্থা জানার জন্য কয়েক দফা যোগাযোগ স্থাপনের চেষ্টা করা হয়। তবে, জাহাজ থেকে কোনো সাড়া পাওয়া যায়নি বলে জানিয়েছে ভারতের নৌবাহিনী। বলেছে, ভারতের নৌবাহিনী এ অঞ্চলে নৌ চলাচলের নিরাপত্তা নিশ্চিত করতে এবং নাবিকদের নিরাপত্তা বিধানে প্রতিশ্রুতিবদ্ধ। এদিকে, শুক্রবার (১৫ মার্চ) সন্ধ্যায় চট্টগ্রামের বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ জানান, জলদস্যুদের হাতে জিম্মি বাংলাদেশের পতাকাবাহী জাহাজ এমভি আবদুল্লাহ ও জাহাজটির নাবিকদের সুস্থভাবে, দ্রুততম সময়ের মধ্যে মুক্ত করতে সর্বাত্মক প্রচেষ্টা চলছে। জাহাজ ও নাবিকদের উদ্ধারে সরকার কী উদ্যোগ নিয়েছে জানতে চাইলে হাছান মাহমুদ বলেন, ”আমরা সর্বাত্মক প্রচেষ্টা চালাচ্ছি। বৃহস্পতিবার (১৪ মার্চ) পররাষ্ট্র মন্ত্রণালয়ে আন্তঃমন্ত্রণালয় বৈঠক হয়েছে, জাহাজ এবং নাবিকদের সুস্থভাবে মুক্ত করার জন্য সরকার সর্বাত্মক প্রচেষ্টা চালাচ্ছে। একই কোম্পানির আরেকটি জাহাজ ২০১০ সালে অপহরণ হয়েছিলো বলে জানান হাছান মাহমুদ। ”সেটিকে মুক্ত করতে ১০০ দিন সময় লেগেছিলো। আমাদের প্রচেষ্টার কোনো কমতি নেই। আমরা নানাভাবে প্রচেষ্টা চালাচ্ছি;„ যোগ করেন তিনি। হাছান মাহমুদ আরো বলেন, ”ইনশাল্লাহ আমরা আশা করছি অতীতের মতো এবারো সুষ্ঠুভাবে জাহাজ ও নাবিকদের উদ্ধার করতে পারবো। এর আগে, বৃহস্পতিবার (১৪ মার্চ) নৌ-পরিবহন অধিদপ্তরের মহাপরিচালক কমোডর এম মাকসুদ আলম গণমাধ্যমকে নিশ্চিত করেন যে ভারত মহাসগরে ২৩ নাবিকসহ ছিনতাই হওয়া বাংলাদেশি জাহাজ এমভি আবদুল্লাহ সোমালিয়ার হাবিয়ো বন্দরে নোঙর করেছে। বৃহস্পতিবার দুপুর ২টার আগে জাহাজটিকে নোঙর করে জলদস্যুরা। তবে এখনো পর্যন্ত দস্যুদের কেউ মালিকপক্ষের সঙ্গে যোগাযোগ করেনি এবং তাদের কোনো দাবি জানায়নি; জানান কমোডর এম মাকসুদ আলম। ধারণা করা হচ্ছে খুব শিগগিরই জলদস্যুরা বাংলাদেশের সঙ্গে যোগাযোগ করবে;„ বলেন কমোডর এম মাকসুদ আলম। লন্ডন ও কুয়ালালামপুরভিত্তিক জলদস্যুদের পর্যবেক্ষণকারী সংস্থা ইন্টারন্যাশনাল মেরিটাইম ব্যুরো (আইএমবি) জানায়, বৃহস্পতিবার দুপুর দেড়টা নাগাদ, গ্যারাকাদ নোঙর এলাকা থেকে ২০ নটিক্যাল মাইল দূরে, জাহাজটিকে দস্যুরা নোঙর করে রেখেছে। মোজাম্বিক থেকে ৫০ হাজার টন কয়লা নিয়ে দুবাই যাওয়ার পথে মঙ্গলবার (১২ মার্চ) বেলা দেড়টায় জলদস্যুদের কবলে পড়ে এমভি আবদুল্লাহ। (ভোয়া ওয়েব পেজ : ১৬.০৩.২০২৪ এলিনা)

## বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪তম জন্মবার্ষিকী রবিবার

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪তম জন্মবার্ষিকী রবিবার (১৭ই মার্চ)। বাংলাদেশে দিবসটি উদ্‌যাপনের পাশাপাশি, জাতীয় শিশু দিবস উদ্‌যাপন করা হয়। এটি, সরকারি ছুটির দিন। দিনের কর্মসূচির মধ্যে রয়েছে, ধানমন্ডির বঙ্গবন্ধু ভবনে, বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ; টুঙ্গিপাড়ায় বঙ্গবন্ধুর সমাধিতে পুষ্পস্তবক অর্পণ; গার্ড অফ অনার প্রদান ও দোয়া মাহফিল। এ ছাড়া রয়েছে, জাতীয় শিশু দিবসের অনুষ্ঠান। দিবসটি উপলক্ষ্যে রাষ্ট্রপতি সাহাবুদ্দিন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। রাষ্ট্রপতি তার বাণীতে বলেন, ”১০৪তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে আমি এই মহান নেতার প্রতি গভীর শ্রদ্ধা জানাই। বঙ্গবন্ধু হয়ে আছেন বাঙালি জাতির প্রেরণার চিরন্তন উৎস। রাজনীতিতে

বঙ্গবন্ধু নীতি ও আদর্শের প্রতীক হিসেবে আবির্ভূত হন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা তার বাণীতে বঙ্গবন্ধুর ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে দেশের সব শিশুকে আন্তরিক শুভেচ্ছা জানান। বঙ্গবন্ধু ১৯২০ সালের ১৭ মার্চ গোপালগঞ্জের টুঙ্গিপাড়া গ্রামে জন্মগ্রহণ করেন। কলকাতার ইসলামিয়া কলেজে অধ্যয়নকালে তিনি সক্রিয়ভাবে রাজনীতিতে জড়িয়ে পড়েন। কারাগার থেকে এবং কারাগারের বাইরে বঙ্গবন্ধু ভাষা আন্দোলনে নেতৃত্ব দেন। ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি যখন ভাষা আন্দোলনের নেতাকর্মীদের হত্যা করা হয়, তখন বঙ্গবন্ধু কারাগারে অনশন করেন। ভাষা আন্দোলনের ধারাবাহিকতায় ১৯৭০ সালের সাধারণ নির্বাচন, ১৯৭১ সালের মুক্তিযুদ্ধ এবং বাঙালির সব বড় আন্দোলনের নেতৃত্বে ছিলেন শেখ মুজিব। বঙ্গবন্ধু তার গতিশীল নেতৃত্বের মাধ্যমে পাকিস্তানি শাসকদের শোষণ-নিপীড়নের বিরুদ্ধে বাঙালি জাতিকে সংগঠিত করেছিলেন। ১৯৭১ সালে ৯ মাসের মুক্তিযুদ্ধের মধ্য দিয়ে বাংলাদেশ স্বাধীনতা অর্জন করে। মুক্তিযুদ্ধ বিরোধী চক্র, পরিবারের অধিকাংশ সদস্যসহ ১৯৭৫ সালের ১৫ আগস্ট বঙ্গবন্ধুকে হত্যা করে। দিবসটি উদযাপনে, বাংলাদেশ আওয়ামী লীগ ও এর সহযোগী সংগঠন এবং বিভিন্ন সামাজিক-রাজনৈতিক সংগঠন বিস্তারিত কর্মসূচি গ্রহণ করেছে। (ভোয়া ওয়েব পেজ : ১৬.০৩.২০২৪ এলিনা)

## লিঙ্গ বিবেচ্য নয়, সবাই বাংলাদেশের নাগরিক : দীপু মনি

বাংলাদেশের সমাজকল্যাণ মন্ত্রী ও আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ডা. দীপু মনি বলেছেন, কে নারী, কে পুরুষ বা তৃতীয় লিঙ্গের মানুষ, তা বিবেচ্য নয়, সকলেই বাংলাদেশের নাগরিক। শনিবার (১৬ই মার্চ) দুপুরে চাঁদপুর সার্কিট হাউজে হিজড়া জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি সংক্রান্ত এক মত বিনিময় সভায় একথা বলেন সমাজকল্যাণ মন্ত্রী। তিনি জানান, সরকার যার যার যোগ্যতা অনুযায়ী কর্মসংস্থানের ব্যবস্থা করবে এবং পিছিয়ে পড়া জনগোষ্ঠীকে এগিয়ে নিয়ে যাবে। আপনারা (তৃতীয় লিঙ্গ) সামাজিকভাবে পিছিয়ে আছেন। সে জায়গা থেকে আপনাদের এগিয়ে নিতে হবে। আর সেজন্য আমাদের চেষ্টা অব্যাহত আছে;„ বলেন দীপু মনি। তিনি আরো বলেন, সরকার চায়, আপনাদের যেসব প্রতিবন্ধকতা ও সমস্যা রয়েছে তা দূর করে আপনাদের সামর্থ্য অনুযায়ী প্রশিক্ষণ করে আপনারা এগিয়ে যান। ”আমরা সবাই মিলে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়ে তুলব;„ তিনি যোগ করেন। উপস্থিত হিজড়াদের দাবির পরিপ্রেক্ষিতে সমাজকল্যাণমন্ত্রী বলেন, আপনাদের প্রধান সমস্যা আবাসন। সেই সমস্যা সমাধানে জমির সন্ধান করা হচ্ছে। সেখানে আপনারা একসঙ্গে থাকবেন এবং সেখানে কর্মসংস্থানের ব্যবস্থা হবে। দীপু মনি বলেন, আপনাদের চিকিৎসার জন্য আপনারা সরাসরি জেলা সদর হাসপাতালে এবং উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে গেলে চিকিৎসার ব্যবস্থা হবে। (ভোয়া ওয়েব পেজ : ১৬.০৩.২০২৪ এলিনা)

## সাম্প্রতিক নাগরিকত্ব আইন ভারতের অভ্যন্তরীণ বিষয় : পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ

ভারতের সাম্প্রতিক নাগরিকত্ব আইন তাদের অভ্যন্তরীণ বিষয় বলে উল্লেখ করেছেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। তিনি বলেছেন, ”বাংলাদেশ প্রতিবেশী দেশ হিসেবে বিষয়টি দেখছে। শনিবার (১৬ই মার্চ) দুপুরে চট্টগ্রাম নগরীর দেওয়ানজি পুকুর লেনের ওয়াইএনটি সেন্টারে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এ কথা বলেন তিনি। ভারতের নতুন নাগরিকত্ব আইন, সিটিজেনশিপ এমেন্ডমেন্ট অ্যাক্ট (সিএএ) তাদের অভ্যন্তরীণ বিষয়। যেহেতু বাংলাদেশ প্রতিবেশী দেশ, সেই হিসেবে আমরা বিষয়টির দিকে নজর রাখছি;„ হাছান মাহমুদ জানান। যুক্তরাষ্ট্রের একটি দপ্তর আবার বাংলাদেশের নির্বাচন নিয়ে মন্তব্য করেছে। এ প্রসঙ্গে জানতে চাইলে পররাষ্ট্রমন্ত্রী বলেন, যুক্তরাষ্ট্রের যে-কোনো দপ্তর তাদের মতামত দিতেই পারে। হাছান মাহমুদ জানান, যুক্তরাষ্ট্র বলেছে, বাংলাদেশের সঙ্গে অংশীদারিত্ব এবং সম্পর্ক এগিয়ে নিয়ে যাওয়ার লক্ষ্যে তারা কাজ করছে। আমরাও যুক্তরাষ্ট্রের সঙ্গে সম্পর্ক আরো ঘনিষ্ঠ করতে এবং আমাদের যে বহুমাত্রিক সম্পর্ক রয়েছে, তা আরো বিস্তৃত করার লক্ষ্যে কাজ করছি;„ যোগ করেন তিনি। যে-কোনো দেশের ভিন্নমতকে বাংলাদেশ সম্মান করে উল্লেখ করেন পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ। বলেন, ”যুক্তরাষ্ট্রসহ বেশিরভাগ রাষ্ট্র আমাদের সঙ্গে ভবিষ্যতে সম্পর্ক এগিয়ে নিয়ে যাওয়ার জন্য অভিপ্রায় ব্যক্ত করেছে। পৃথিবীর প্রায় ৮০টি দেশের সরকার ও রাষ্ট্রপ্রধান বাংলাদেশের প্রধানমন্ত্রীকে অভিনন্দন জানিয়েছে বলে জানান পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ। এমনকি, যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্টও বাংলাদেশর প্রধানমন্ত্রীকে চিঠি লিখে সম্পর্ক দ্বিতীয় পর্যায়ে উন্নীত করার অভিপ্রায় ব্যক্ত করেছেন;„ জনান বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী। (ভোয়া ওয়েব পেজ : ১৬.০৩.২০২৪ এলিনা)

# রেডিও তেহরান

## দ্রব্যমূল্য ইস্যুতে একটি মহল অপপ্রচার চালাচ্ছে : ওবায়দুল কাদের

দ্রব্যমূল্য ইস্যুতে একটি মহল অপপ্রচার চালাচ্ছে মন্তব্য করে বাংলাদেশ আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেছেন, সিন্ডিকেটের বিরুদ্ধে অবশ্যই ব্যবস্থা নেবে সরকার। এদিকে, বিএনপির সিনিয়র যুগ্ম-মহাসচিব রুহুল কবির রিজভী বলেছেন, ক্ষমতাসীন আওয়ামী লীগ সরকার নিজেরাই বাজার সিন্ডিকেট করে এখন বিএনপির ওপর দায় চাপাচ্ছে।

দ্রব্যমূল্য ইস্যুতে একটি মহল অপপ্রচার চালাচ্ছে এমন মন্তব্য করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। তিনি বলেছেন, সিন্ডিকেটের বিরুদ্ধে অবশ্যই ব্যবস্থা নেবে সরকার। আজ (শনিবার) ঢাকেশ্বরী জাতীয় মন্দিরে বাংলাদেশ পূজা উদযাপন পরিষদ আয়োজিত দ্বি-বার্ষিক সম্মেলনে তিনি বলেন, ভারত পাশে থাকায় বাংলাদেশের নির্বাচনে বড় রাষ্ট্র হস্তক্ষেপ করতে পারেনি। অনুষ্ঠানে যোগ দিয়ে বাংলাদেশে নিযুক্ত ভারতীয় হাইকমিশনার প্রণয় কুমার ভার্মা বলেন, বাংলাদেশের সঙ্গে তার দেশের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক সবসময়ই অব্যাহত থাকবে। অনুষ্ঠানের বক্তৃতায় সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেন, আওয়ামী লীগ ক্ষমতায় থাকলেই একটি মহল ভারত বিদ্বেষী অপপ্রচার চালায়, (স্বকণ্ঠে) : একটাই তাদের কাজ, যখনই আওয়ামী লীগ ক্ষমতায় থাকে তখন তারা ভারত বিরোধী অপপ্রচারে লিপ্ত হয়। তিনি বলেন, ভারত পাশে ছিল বলেই নির্বাচনে বড় কোনো সমস্যা হয়নি, (স্বকণ্ঠে) : দুনিয়ার অনেক শক্তিধর এখানে যে অশুভ খেলা খেলতে চেয়েছিল, সেখানে ভারত সবসময় আমাদের পাশে ছিল বলে নামতে সাহস পায়নি। কাদের আরও বলেন, দ্রব্যমূল্য ইস্যুতে একটি মহল অপপ্রচার চালাচ্ছে।

এদিকে, বিএনপির সিনিয়র যুগ্ম-মহাসচিব রুহুল কবির রিজভী বলেছেন, ক্ষমতাসীন আওয়ামী লীগ সরকার নিজেরাই বাজার সিন্ডিকেট করে এখন বিএনপির ওপর দায় চাপাচ্ছেন। শনিবার দুপুরে নয়াপল্টনে কেন্দ্রীয় কার্যালয়ের সামনে বিএনপির নেতাকর্মীদের মুক্তির দাবিতে মানববন্ধনে অংশ নিয়ে তিনি বলেন, বাজার সিন্ডিকেট করে সরকার মেট্রোরেল দেখিয়ে জনগণকে অনাহারে রাখছে। দেশের মানুষের সমর্থনহীন সরকার ক্ষমতায় টিকে থাকার জন্য নির্বাচন নিয়ে নানা কথা বলছে, বলেও এসময় মন্তব্য করেন এই বিএনপি নেতা,(স্বকণ্ঠে) : ওবায়দুল কাদের সাহেব বলেছেন, সেই নির্বাচনে ভারত পাশে ছিল বলেই অন্যান্য দেশ কারসাজি করতে পারেনি। কারণ, আপনাদেরই সাবেক পররাষ্ট্রমন্ত্রী বলেছেন, দুই দেশের সম্পর্ক স্বামী-স্ত্রীর সম্পর্ক। তো স্ত্রীর আবদার অন্যায় আবদার, স্বামী কেন সেটাকে প্রত্যাখ্যান করবে? বাজার সিন্ডিকেটের সঙ্গে নাকি বিএনপি জড়িত। এই সিন্ডিকেট তো আপনাদের লোক।

(রেডিও তেহরান : ২০৩০ ঘ.১৬.০৩.২০২৪, বাদশা রহমান, এলিনা)

## লেকে মাছ নয়, মশার চাষ করা হচ্ছে : মেয়র আতিকের অভিযোগ

সাতদিনের মধ্যে ঢাকার গুলশান লেক পরিষ্কার করা হবে বলে ঘোষণা দিয়েছেন বাংলাদেশের রাজধানী ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়ের আতিকুল ইসলাম। তিনি বলেন, লেকে মাছ নয়, মশার চাষ করা হচ্ছে। এই সমস্যার সমাধানে নাগরিকদের ঐক্যবদ্ধ সচেতনতার বিকল্প নেই বলেও জানান তিনি। ঢাকার গুলশান লেকের পরিচ্ছন্নতা কার্যক্রম শুরু করল ঢাকা উত্তর সিটি করপোরেশন ও গুলশান সোসাইটি। এসময়, সাতদিনের মধ্যে লেকটি পরিষ্কারের কথা জানান, ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র আতিকুল ইসলাম। সেইসঙ্গে প্রতিটি ভবনকে ইটিপি প্ল্যান্ট করার নির্দেশনা দিয়েছেন ঢাকা উত্তর সিটির মেয়র। শনিবার সকালে ডিএনসিসি ও গুলশান সোসাইটির যৌথ উদ্যোগে গুলশান লেক পরিচ্ছন্নতা কার্যক্রম পরিদর্শনে এসে ক্ষোভ প্রকাশ করেন মেয়র। তিনি বলেন, লেকে মাছ চাষ নয় মশার চাষ করা হচ্ছে। এই সমস্যা সমাধানে নাগরিকদের ঐক্যবদ্ধ সচেতনতার বিকল্প নেই বলেও জানান তিনি, (স্বকণ্ঠে) : আমরা চাই যে, এই লেকের মধ্যে বাচ্চারা অনেক ধরনের মর্ডান ইকুইপমেন্টস রয়েছে যেগুলো দিয়ে বাচ্চারা স্নান করতে পারুক কিন্তু এই লেকটাকে যদি আমরা আজকে সুন্দর করি এবং আগামীতে সুন্দর রাখি তাহলে কিন্তু একটি এখানে বলি যে গুলশান লেকে মশা মশা মশা মশা, তার অন্যতম একটি কারণ এই গুলশান লেক। এসময় তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী মোহাম্মদ আলী আরাফাত বলেন, এলাকার বাসিন্দাদের দাবির প্রেক্ষিতে এই লেক পরিষ্কারের উদ্যোগ নেয়া হয়েছে, (স্বকণ্ঠে) : লেকের পানি পরিষ্কার থাকবে, এখানে কোনো দুর্গন্ধও থাকবে না এবং স্বাস্থ্যসম্মত একটি পরিবেশ তো থাকবে। সেটি আমাদের চাওয়া এবং প্রত্যাশা এবং আমরা সবাই মিলে এই কাজটি করব। পর্যায়ক্রমে ঢাকা শহরে সকল লেক পরিষ্কার করা হবে বলেও জানান তিনি। (রে. তেহরান : ২০৩০ ঘ.১৬.০৩.২০২৪, বাদশা রহমান, এলিনা)

# এনএইচকে

## জ্বালানিতে ১২০ বিলিয়ন ডলার বিনিয়োগ করবে ভারত-প্রশান্ত মহাসাগর অর্থনৈতিক কাঠামো

ভারত-প্রশান্ত মহাসাগর অর্থনৈতিক কাঠামো আইপিইএফের অংশগ্রহণকারী দেশসমূহের মন্ত্রীরা, নবায়নযোগ্য জ্বালানি ও বিদ্যুতের মজুত এগিয়ে নিতে ২০৩০ সালের মধ্যে কমপক্ষে ১২০ বিলিয়ন ডলার বিনিয়োগ করতে সম্মত হয়েছেন। জাপান, ভারত ও অস্ট্রেলিয়া সহ মার্কিন নেতৃত্বাধীন কাঠামোর ১৪টি সদস্য দেশের মন্ত্রী পর্যায়ের একটি বৈঠক বৃহস্পতিবার অনলাইনে অনুষ্ঠিত হয়। আইপিইএফ সদস্যরা এই অঞ্চলে চীনের প্রভাব বিস্তারের প্রচেষ্টাকে মোকাবিলা করতে চারটি অর্থনৈতিক ক্ষেত্রে সম্পর্ক জোরদার করার লক্ষ্য ধরে নিয়েছে। সরবরাহ শৃঙ্খল নিয়ে তাদের একটি চুক্তি ইতিমধ্যে কার্যকর হয়েছে। সদস্যরা এছাড়া এর আগে অন্য দুটি ক্ষেত্রে কার্যকরভাবে ঐকমত্যে পৌঁছেছে - যে ক্ষেত্রগুলো হচ্ছে পরিচ্ছন্ন এবং ন্যায্য একটি অর্থনীতি। বৃহস্পতিবার অংশগ্রহণকারীরা পরিচ্ছন্ন অর্থনীতি বিষয়ে একটি চুক্তির খসড়া তৈরি করার লক্ষ্য নিয়ে আলোচনা করে। তারা সম্মত হয়েছে যে, চুক্তিতে ২০৩০ সালের মধ্যে কমপক্ষে ১২০ বিলিয়ন ডলার বিনিয়োগের উল্লেখ থাকবে। তারা আরও নিশ্চিত করে নিয়েছে যে জাপান, যুক্তরাষ্ট্র, অস্ট্রেলিয়া ও

দক্ষিণ কোরিয়া উদীয়মান দেশগুলোকে কার্বন নিরপেক্ষতা অর্জনে সহায়তা করতে গত নভেম্বরে গড়ে তোলা একটি তহবিলে মোট ৩৩ মিলিয়ন ডলার প্রদান করবে। (এনএইচকে ওয়েব পেজ : ১৬.০৩.২০২৪ এলিনা)

## ডয়চে ভেলে

### শিক্ষা প্রতিষ্ঠানে যৌন নিপীড়ক কারা?

বিশ্ববিদ্যালয়ে যারা যৌন হয়রানি করে তাদের ৯ শতাংশই শিক্ষক। আর আর ৫৬ শতাংশ সহপাঠী। আর এই যৌন নিপীড়করা রাজনৈকিভাবে প্রভাবশালী আর যৌন নিপীড়নের শিকার ৯০ ভাগই নানা ভয়ের কারণে অভিযোগ করেন না। ঢাকার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের একজন নারী শিক্ষার্থীর আত্মহত্যার পর তারই সুইসাড নোটে স্পষ্ট হয়েছে যে তিনি যৌন হয়রানিমূলক মন্তব্য ও মানসিক নির্যাতনের শিকার হয়েছিলেন দিনের পর দিন। ওই ঘটনায় বিশ্ববিদ্যালয়ের সহকারী প্রোক্টর দ্বীন ইসলামকে বরখাস্ত এবং ছাত্র সিদ্দিক আম্মানকে বিশ্ববিদ্যালয় থেকে বহিস্কার করা হয়েছে। শনিবার ওই ঘটনার বিচারের দাবিতে ক্যাম্পাসে প্রতিবাদ হয়েছে। তার সহপাঠীরাও অভিযোগ করেছেন যৌন হয়রানি ও মানসিক নির্যাতনের বিচার না পাওয়াই তাকে আত্মহননের পথে ঠেলে দিয়েছে। সেখানে গিয়ে আরেকজন ছাত্রী অভিযোগ করেন যে, তার ডিপার্টমেন্টের একজন শিক্ষক তাকে বন্ধুত্বের প্রস্তাব দিয়েছিলেন তিন বছর আগে। তাতে তিনি রাজি না হওয়ায় এখন তাকে শুধু ফেল করানো হচ্ছে। ১০০ নাম্বারের পরীক্ষায় তিন নাম্বার দেয়া হচেছ। তার কথা আমি এই ঘটনার প্রতিবাদ করেছি। অভিযোগ করেছি। কিন্তু কোনো বিচার পাইনি।

**পরিস্থিতি কেমন?**

দেশের শিক্ষা প্রতিষ্ঠান বা উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের পরিস্থিতি কেমন তা উঠে এসেছে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের এক শিক্ষকের গবেষণায়। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের অধ্যাপক ড. আব্দুল আলীম উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে যৌন হয়রানি নিয়ে একটি গবেষণায় দেখতে পান বিশ্ববিদ্যালয়ের যৌন নিপীড়কদের মধ্যে ৯ শতাংশই শিক্ষক। তিনি ওই বিশ্ববিদ্যালয়ের ২০০ ছাত্রীর ওপর ২০২২ সালের অক্টোর থেকে ২০২৩ সালের অক্টোবর পর্যন্ত ওই গবেষণাটি পরিচালনা করেন। গবেষণার শিরোনাম স্ট্র্যাটেজিস ফর প্রিভেন্টিং মাসকুলিনিটি অ্যান্ড জেন্ডার বেজড ভায়োলেন্স ইন হায়ার এডুকেশনাল ইনস্টিটিউশন ইন বাংলাদেশ আ স্টাডি অব রাজশাহী ইউনিভার্সিটি। গবেষণায় অংশ নেয়াদের দেয়া তথ্য মতে ৫৬ শতাংশ যৌন নিপীড়নই ছাত্রীদের সহপাঠী। ২৪ শতাংশ তাদের চেয়ে ছোট বা বড়। ১১ শতাংশ বহিরাগত ও ৯ শতাংশ শিক্ষক। ১০ শতাংশ ছাত্রী জানান, নির্যাতনের ৩০ শতাংশ বাজে মন্তব্য ও ৬০ শতাংশ সাইবার হয়রানি। নিপীড়নের ঘটনায় মাত্র ১০ শতাংশ ছাত্রী অভিযোগ করেছেন। এর মধ্যে পাঁচ শতাংশ বিভাগের শিক্ষকদের কাছে এবং বাকি পাঁচ শতাংশ বিশ্ববিদ্যালয়ের অভিযোগ সেলে। ৯০ শতাংশ জানান ন্যায়বিচার না পাওয়া ও চরিত্র হননের ভয়ে তারা সেলে অভিযোগ করেননি। অধ্যাপক আব্দুল আলীম ডয়চে ভেলেকে বলেন রাজশাহী বিশ্ববিদ্যালয় নিয়ে গবেষণাটি হলেও ওই সময়ে আমি আরো কয়েকটি বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্টদের সঙ্গে কথা বলেছি। তাতে অন্যান্য বিশ্ববিদ্যালয়গুলোর অবস্থা একইরকম। কোনো কোনো বিশ্ববিদ্যালয়ের অবস্থা আরো খারাপ। আর গবেষণাটি গত বছরের। এরমধ্যে পরিস্থিতি আরো খারাপ হয়েছে। তার কথা যারা যৌন নিপীড়ক তারা রাজনৈতিক বা অন্য কোনোভাবে প্রভাবশালী। তাদের রক্ষার জন্য রাজনৈতিক এবং প্রভাবশালীদের চাপ থাকে। ফলে অনেক ঘটনাই ধামাচাপা দেয়া হয়। অনেক ঘটনার বিচার হয় না। তিনি তার অভিজ্ঞতার কথা জানিয়ে বলেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ে একটি যৌন নিপীড়নের ঘটনায় যখন কমিটি কাজ শুরু করে তখন আরো ১৭ জন অভিযোগ করেন। তারা কিন্তু আগে ভয়ে করেননি। তাদের মধ্যে নারী শিক্ষক, শিক্ষকের স্ত্রীও রয়েছেন। বাংলাদেশে শিক্ষা প্রতিষ্ঠান বা উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে যৌন হয়রানির ওপর এর বাইরে আলাদা কোনো জরিপ নাই। তবে ২০২১ সালে প্ল্যান ইন্টারন্যাশনাল বাংলাদেশের 'চ্যালেঞ্জিং ফিয়ার অব ভায়োলেন্স' শীর্ষক প্রতিবেদনে বলা হয় জনসমাগম স্থলে ৮১ ভাগ নারী যৌন হয়রানির শিকার হন। আর শিক্ষাপ্রতিষ্ঠানে সিনিয়র সহপাঠী ও শিক্ষকদের মাধ্যমে শারীরিক-মানসিক নির্যাতন, হয়রানি ও ব্যঙ্গ-বিদ্রুপের শিকার হচ্ছেন ৭৪ শতাংশ। ২০২২ সালে ডাটা ফর ইমপ্যাক্ট-এর এক জরিপে বলা হয় বাংলাদেশে অবিবাহিত মেয়েদের প্রতি তিন জনে একজন ১২ মাসে (এক বছর) কমপক্ষে একবার যৌন হয়রানির শিকার হন।

**শিক্ষা প্রতিষ্ঠানের চিত্র:**

সর্বশেষ গত বৃহস্পতিবার যৌন হয়রানির অভিযোগে ময়মনসিংহের কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের মানব সম্পদ ব্যবস্থাপনা বিভাগের সহকারী অধ্যাপক সাজন সাহাকে বরখাস্ত এবং বিভাগীয় প্রধান রেজোয়ান আহমেদ শুভ্রকে সাময়িক বরখাস্ত করা হয়। অর্থনৈতিক প্রস্তাবে রাজি না হওয়ায় এক ছাত্রীকে অনুপস্থিত দেখিয়ে পরীক্ষায় জরিমানা আদায়, নম্বর কম দেওয়া ও থিসিস পেপার আটকে যৌন হয়রানি করার অভিযোগ ওঠে মানবসম্পদ ব্যবস্থাপনা বিভাগের সহকারী অধ্যাপক সাজন সাহার বিরুদ্ধে। আর বিভাগীয় প্রধানের বিরুদ্ধে অভিযোগ তিনি ওই ঘটনা ধামাচাপা দেয়ার চেষ্টা করেছিলেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের অধ্যাপক নাদির জুনায়েদকে যৌন হয়রানির অভিযোগে তিন মাসের বাধ্যতামূলক ছুটি দেয়া হয় ১২ই ফেব্রুয়ারি। তার বিরুদ্ধে যৌন হয়রানি ও দীর্ঘদিন ধরে মানসিক নির্যাতনের অভিযোগ করেন তার বিভাগের এক নারী শিক্ষার্থী। ঢাকা বিশ্ববিদ্যালয়ে গত এক

বছরে ২০টির মতো যৌন হয়রানির অভিযোগ পেয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। ৬ জানুয়ারি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর পর্বের থিসিস করতে গিয়ে এক শিক্ষকের বিরুদ্ধে যৌন হয়রানির অভিযোগ করেছেন রসায়ন বিভাগের এক ছাত্রী। ওই ছাত্রীর অভিযোগ ল্যাবে একা কাজ করার সময় এবং কেমিকেল দেয়ার বাহানায় নিজ কক্ষে ডেকে দরজা আটকে তাকে ধর্ষণের চেষ্টা করেন ওই শিক্ষক। ছাত্রীকে যৌন হয়রানির অভিযোগে রাজধানীর ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজের আজিমপুর শাখার গণিতের শিক্ষক মুরাদ হোসেন সরকারকে গ্রেপ্তার করা হয় ২৭ই ফেব্রুয়ারি। এগুলো চলতি বছরের ঘটনা। প্রতিটি ঘটনায়ই কর্তৃপক্ষ প্রথমে কোনো ব্যবস্থা নেয়নি। শিক্ষার্থীরা আন্দোলন শুরু করলে তারা বিভাগীয় ব্যবস্থা নেন। যেমন ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজের শিক্ষক মুরাদ হোসেন সরকার ঘটনার পর হজ করায় তাকে মাফ করে দেয়ার সুপারিশ করেছিলো তদন্ত কমিটি। আবার শিক্ষার্থীদের আন্দোলনের মুখে ময়মনসিংহের কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের দুই শিক্ষককে বরখাস্ত করা হয়। আগে কোনো ব্যবস্থা নেয়া হয়নি। জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সহকারী প্রোক্টর ও ছাত্রের বিরুদ্ধে আগে একাধিককার অভিযোগ করেও ফল পাননি আত্মহননকারী ছাত্রী। সে আত্মহত্যার পর এখন তারা বরখাস্ত করা হলো।

**কেন এই পরিস্থিতি:**

শিক্ষা প্রতিষ্ঠান ও কর্মস্থলে যৌন হয়রানি রোধে হাইকোর্ট ২০০৯ সালে ওই প্রতিষ্ঠানগুলোতে সেল গঠনের নির্দেশ দেয়। ওই নির্দেশে অভিযোগ  গ্রহণ ও ব্যবস্থা নেয়ার জন্য কমিটি গঠনের কথাও বলা হয়। কোনো অভিযোগ পেলে সয়ংক্রিয়ভাবে সেল কাজ করার কথা। তবে অনেক প্রতিষ্ঠানেই এখনো যৌন নিপীড়ন বিরোধী সেল নাই। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের নৃবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ড.স্নিগ্ধা রেজওয়ানা বলেন, আমাদের বিশ্ববিদ্যালয়ে এই কমিটি থাকলেও তা ঠিক মতো কাজ করে না। কমিটির সদস্যরাই বিষয়টি ঠিকমতো বোঝেন না। তার কথা এখানে ক্ষমতার একটা বিষয় থাকে।  অভিযুক্তরা অনেক সময়ই ক্ষমতার কারণে পার পেয়ে যায়। দেশের কোনো বিশ্ববিদ্যালয় এখন পর্যন্তও নারী প্রক্টর নিয়োগ হয়নি। একজন মনে হয় হয়েছে। যারা প্রক্টর-সহ গুরুত্বপূর্ণ পদে থাকেন তাদেন জেন্ডার বুঝতে হয়। আমরা মনে হয় তাদের এখন প্রশিক্ষণ দরকার। আর ছাত্রদের কাউন্সেলিং এবং এই বিষয়ে যথাযথ জ্ঞান দেয়া প্রয়োজন বলেন তিনি। আর রাজশাহী বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের অধ্যাপক ড. আব্দুল আলীম মনে করেন," শিক্ষক নিয়োগ এবং ছাত্র ভর্তির ব্যাপারে আমাদের আরো সতর্ক হওয়া প্রয়োজন। কোনো একটা ব্যবস্থা থাকা উচিত যার মাধ্যমে তাদের সচেতন করা যায়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উইমেন অ্যান্ড জেন্ডার স্ট্যাডিজ বিভাগের অধ্যাপক ড. সৈয়দ শাইখ ইমতিয়াজ বলেন প্রথমত যখন কোনো ঘটনা ঘটে তার দৃষ্টন্তমূলক শাস্তি হওয়া প্রয়োজন। আরেকটি হলো এটা যাতে না ঘটে তার ব্যবস্থা নেয়া। এর কোনোটিই আমরা দেখি না। তিনি বলেন এখানে বিচারহীনতার সংস্কৃতি চলছে। যারা বিশ্ববিদ্যালয়ের গুরুত্বপূর্ণ পদে থাকেন তারা রাজনৈতিকভাবে নিযুক্ত। আর যারা এই ধরনের কাজ করে তারা রাজনৈতিকভাবে প্রভাবশালী। ফলে এরা রেহাই পেয়ে যায়। তিনি আক্ষেপ করে বলেন, আমাদের শিক্ষকদের এই যদি নৈতিক মান হয় তাহলে আমরা কী শিক্ষা দেব।

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৬.০৩.২০২৪ রুবাইয়া)

# রেডিও টুডে

## শিক্ষক ও সহপাঠীকে দায়ী করে ফেসবুকে পোস্ট দিয়ে জগনাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীর আত্মহত্যা

শিক্ষক ও সহপাঠীকে দায়ী করে ফেসবুকে পোস্ট দিয়ে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ফাইরুজ অবন্তিকা নামে এক শিক্ষার্থী আত্মহত্যা করেছেন। তিনি বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের শিক্ষার্থী। আত্মহত্যা চেষ্টার আগে ফেসবুকে দেয়া দীর্ঘ এক পোস্টে তিনি এ ঘটনার জন্য বিশ্ববিদ্যালয়ের সহকারী প্রক্টর দীন ইসলাম ও তার সহপাঠী আম্মান সিদ্দিকীকে দায়ী করেছেন। শুক্রবার রাত দশটার দিকে কুমিল্লা সদরে নিজ বাসায় গলায় ফাঁস দিয়ে আত্মহত্যার চেষ্টা করেন ফাইরুজ অবন্তিকা। পরে তাকে তাৎক্ষণিক উদ্ধার করে জেলা সদর হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসক মৃত ঘোষণা করেন। নিহত অবন্তিকা কুমিল্লা নগরীর বাগিচাগাও এলাকার বাসিন্দা। ফেসবুক পোস্টে অবন্তিকা লিখেন আমি যদি কখনো সুইসাইড করে মারা যাই তবে আমার মৃত্যুর জন্য একমাত্র দায়ী থাকবে আমার ক্লাসমেট আম্মান সিদ্দিকী আর তাকে সাপোর্টকারী জগন্নাথের সহকারী প্রক্টর দ্বীন ইসলাম। (রেডিও টুডে: ৮৪৫ ঘ. ১৬.০৩.২০২৪ রুবাইয়া)

## আত্মহত্যার ঘটনার অভিযোগে সহপাঠীকে সাময়িক বরখাস্ত ও গ্রেফতারের নির্দেশ

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ছাত্রীর আত্মহত্যার ঘটনায় অভিযোগ ওঠা সহপাঠীকে সাময়িক বহিষ্কার ও দ্রুত গ্রেফতার এর নির্দেশ দিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। শনিবার ভোর পাঁচটায় গণমাধ্যমে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। সহায়তাকারী অভিযোগ ওঠা শিক্ষককে সাময়িক বরখাস্ত ও প্রক্টোরিয়াল বডি থেকে অব্যাহতি দেয়া হয়েছে। ঘটনা তদন্তে উচ্চ ক্ষমতাসম্পন্ন পাঁচ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে ফাইরুজ অবন্তিকার মৃত্যুতে উপাচার্য সাদেকা হালিম কোষাধ্যক্ষ হুমায়ুন কবীর গভীর শোক ও সমবেদনা প্রকাশ করেছে। ঘটনা তদন্তে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির সভাপতি জাকির হোসেনকে আহ্বায়ক করে উচ্চ

ক্ষমতাসম্পন্ন পাঁচ সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। কমিটিকে দ্রুত উপাচার্যের কাছে প্রতিবেদন দিতে বলা হয়েছে। (রেডি টুডে: ৮৪৫ ঘ ১৬.০৩.২০২৪ রুবাইয়া)

## মানুষের ইচ্ছার বিরুদ্ধে গিয়ে গায়ের জোরে দেশ চালাচ্ছে: মঈন খান

সরকার বিরোধীদলকে নিশ্চিহ্ন করতে মানুষের ইচ্ছার বিরুদ্ধে গিয়ে গায়ের জোরে দেশ চালাচ্ছে। এমন অভিযোগ করেছেন বিএনপি স্থায়ী কমিটির সদস্য ড. আব্দুল মঈন খান। শনিবার সকালে রাজধানীর ধানমন্ডিতে বিএনপি নেতা রেজাউল করিম পলের পরিবারের খোঁজ-খবর নিতে গিয়ে এই অভিযোগ করেন তিনি। ড. মঈন খান বলেন, দেশের কোথাও গণতন্ত্র নেই; সরকার নিজের স্বার্থের জন্য অর্থনীতি ধ্বংস করে দিয়েছে। নিত্যপণ্যের দাম বৃদ্ধির কারণে মানুষের জীবন অতিষ্ঠ হয়ে গেছে। এ সময় তিনি আরো বলেন, আওয়ামী লীগ সরকার মানুষকে দেয়া প্রতিশ্রুতি অনুযায়ী কাজ করেনি। সরকার মুখে মুখে গণতন্ত্রের কথা বললেও কাজে তার কোনো প্রমাণ নেই।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৬.০৩.২০২৪ রুবাইয়া)

## চলতি ২০২৩-২৪ অর্থবছরে সরকার বড় অঙ্কের রাজস্ব ঘাটতির মুখোমুখি হতে যাচ্ছে

চলতি ২০২৩-২৪ অর্থবছরে সরকার বড় অঙ্কের রাজস্ব ঘাটতির মুখোমুখি হতে যাচ্ছে। বিগত ছয় মাসের রাজস্ব আদায়ের চলমান ধারা পর্যবেক্ষণে অর্থ বছর শেষে বিরাশি হাজার কোটি টাকা ঘাটতি হবে বলে দাবি করেছেন সেন্টার ফর পলিসি ডায়ালগ সিপিডি। শনিবার রাজধানীর ধানমন্ডিতে সিপিডির কার্যালয়ে ২০২৪-২৫ অর্থবছরের জাতীয় বাজেটে সিপিডির সুপারিশমালা শীর্ষক মিডিয়া ব্রিফিং- এ সংস্থাটির নির্বাহী পরিচালক ফাহমিদা খাতুন এসব কথা বলেন। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৬.০৩.২০২৪ রুবাইয়া)

## ঝিনাইদহ-১ আসনের সংসদ সদস্য ও বীর মুক্তিযোদ্ধা আব্দুল হাই মারা গেছেন

ঝিনাইদহ-১ আসনের সংসদ সদস্য ও বীর মুক্তিযোদ্ধা আব্দুল হাই মারা গেছেন। বার্ধক্যের কারণে অসুস্থ হয়ে আজ শনিবার সকাল ছয়টায় থাইল্যান্ডের ব্যাংককে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। তার বয়স হয়েছিল ৭২ বছর। ১৯ বছর ধরে ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতিত্বের দায়িত্ব পালন করে আসা আব্দুল হাই সরকারের মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সাবেক প্রতিমন্ত্রী। তিনি দুই ছেলে এক মেয়ে-সহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। পরিবার সূত্রে জানা গেছে ১৯৫২ সালের পহেলা মে শৈলকুপা উপজেলার মোহাম্মদপুর গ্রামে আবদুল হাইয়ের জন্ম। পেশায় ব্যবসায়ী আব্দুল হাই ২০০১ সালে জাতীয় নির্বাচনে আওয়ামী লীগ থেকে সংসদ সদস্য নির্বাচিত হন। এরপর পরবর্তী সব ক,টি নির্বাচনে সংসদ সদস্য হয়েছেন তিনি। জেলা আওয়ামী লীগের সভাপতিত্বের দায়িত্ব পান ২০০৫ সালে। মৃত্যুর আগ পর্যন্ত সে পদে আসীন ছিলেন আব্দুল ভাই। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৬.০৩.২০২৪ রুবাইয়া)

## গাজীপুরে গ্যাস সিলিন্ডারের আগুনে দগ্ধদের মধ্যে আরও একজনের মৃত্যু হয়েছে

গাজীপুরের কালিয়াকৈর উপজেলার মৌচাক তেলিরজালা এলাকায় গ্যাস সিলিন্ডারের আগুনে দগ্ধদের মধ্যে একজনের মৃত্যু হয়েছে। এ নিয়ে দগ্ধ ৩৭ জনের মধ্যে দুজনের মৃত্যু হলো। মারা যাওয়া ব্যক্তির নাম মোঃ মনসুর। তার শরীরের ১০০% দগ্ধ হয়েছিল। শনিবার সকালে শেখ হাসিনা জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে পোস্ট অপারেটিভ ওয়ার্ডে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৬.০৩.২০২৪ রুবাইয়া)

## নির্বাচনে ভারত আমাদের পাশে ছিল বলেই কেউ অশুভ খেলা খেলতে পারেনি: ওবায়দুল কাদের

বাংলাদেশের নির্বাচন নিয়ে বিভিন্ন দেশের রাষ্ট্রদূতরা যেভাবে দৌড়ঝাঁপ করেছে ভারত সেটা করেনি। ভারত আমাদের পাশে ছিল বলেই নির্বাচন নিয়ে অশুভ খেলা খেলার সাহস অন্য কোনো দেশ করেনি বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সড়ক পরিবহন সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। শনিবার দুপুরে রাজধানীর ঢাকেশ্বরী মন্দিরে পূজা উদ্‌যাপন পরিষদের দ্বিবার্ষিক সম্মেলনে এমন মন্তব্য করেন তিনি। নির্বাচন বিরোধীরা আন্দোলনে ব্যর্থ হয়ে ভারত নিয়ে অপপ্রচার করছে বলে জানান ওবায়দুল কাদের। (রেডিও টুডে :১৮৪৫ ঘ. ১৬.০৩.২০২৪ আসাদ)

## ভারতের নতুন নাগরিকত্ব আইন তাদের অভ্যন্তরীণ বিষয়: পররাষ্ট্রমন্ত্রী

পররাষ্ট্রমন্ত্রী ও আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ড. হাছান মাহমুদ বলেছেন ভারতের নতুন নাগরিকত্ব আইন তাদের অভ্যন্তরীণ বিষয়। তিনি বলেন যেহেতু একটি প্রতিবেশী দেশ সেই হিসেবে আমরা বিষয়টির দিকে নজর রাখছি। শনিবার সকালে চট্টগ্রাম নিজ বাসভবনে সাংবাদিকদের সাথে আলাপকালে তিনি এসব কথা বলেন। ড. হাছান মাহমুদ বলেন, ভারত মহাসাগরে সোমালি জলদস্যুদের হাতে বাংলাদেশি পতাকাবাহী জাহাজ এমভি আব্দুল্লাহ ও এর নাবিকদের জিম্মি হওয়ার ঘটনা গণমাধ্যমে অতি গুরুত্ব দেওয়ায় নেতিবাচক প্রভাব পড়েছে। বলেন জিম্মি নাবিকদের স্বজনদের আহাজারি ও সরকারের তৎপরতা সব খবর দেখছে জলদস্যুরা। তাই এই ইস্যুতে সতর্ক থেকে গণমাধ্যমে সংবাদ প্রচারের আহ্বান জানান পররাষ্ট্রমন্ত্রী। (রেডিও টুডে :১৮৪৫ ঘ. ১৬.০৩.২০২৪ আসাদ)

## পার্শ্ববর্তী দেশকে খুশি করতেই ইফতার মাহফিলে হামলা করেছে ছাত্রলীগ: রিজভী

পার্শ্ববর্তী দেশকে খুশি করতে ছাত্রলীগ ইফতার পার্টিতে হামলা করেছে বলে অভিযোগ করেছে বলে বিএনপি'র সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। শনিবার দুপুরে নয়া পল্টনে শ্রমিক দলের মানববন্ধন কর্মসূচিতে তিনি এই মন্তব্য করেন। তিনি অভিযোগ করেন, আওয়ামী পরিবার ছাড়া কোনো মেধাবীর চাকরি হচ্ছে না। বলেন, বাজার সিন্টিকেটে আওয়ামী লীগের লোক আছে বলেই সরকার কোনো ব্যবস্থা নিচ্ছে না। (রে.টুডে :১৮৪৫ ঘ. ১৬.০৩.২০২৪ আসাদ)

## এমভি আব্দুল্লাহ জাহাজে উঠেছেন আরও বেশ কিছু জলদস্যু: এস আর শিপিং লিমিটেড

জলদস্যুদের হাতে জিম্মি বাংলাদেশি জাহাজ `এমভি আবদুল্লাহ, সোমালিয়ার উপকূল থেকে সরিয়ে নেওয়া হয়েছে। একইসঙ্গে জাহাজটিতে আরও কয়েকজন সশস্ত্র জলদস্যু উঠেছে। ফলে পরিস্থিতি আরও উদ্বেগজনক হয়ে উঠেছে। শনিবার বিকেলে জাহাজটির মালিকানাধীন প্রতিষ্ঠান এস আর শিপিং লিমিডেটের প্রধান নির্বাহী কর্মকর্তা মেহেরুল করিম বিষয়টি নিশ্চিত করেন। তিনি বলেন, জাহাজাটি সোমালিয়া উপকূল থেকে ৭ নটিক্যাল মাইল দূরে অবস্থান করলেও শুক্রবার বিকেলে অবস্থান বদল করে। বর্তমানে এটি ৪ নটিক্যাল মাইল দূরে অবস্থান করছে। জাহাজটিতে নতুন করে আরও ১৩ জন সশস্ত্র জলদস্যু উঠেছে। বর্তমানে জাহাজটিতে ২২ জন জলদস্যু অবস্থান করছে। মেহেরুল করিম বলেন, নতুন করে জাহাজে আরও জলদস্যু ওঠায় বর্তমানে পরিস্থিতি আরও উদ্বেগজনক হয়ে উঠেছে। তবে জলস্যুদের পক্ষ থেকে এখন পর্যন্ত মুক্তিপণ দাবি করা হয়নি। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১৬.০৩.২০২৪ আসাদ)

## জবি শিক্ষার্থী অবন্তিকার আত্মহত্যার ঘটনায় সহপাঠী আম্মান সিদ্দিকী ও শিক্ষক দ্বীন ইসলাম আটক

আন্দোলনরত শিক্ষার্থীদের আল্টিমেটামের মধ্যে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ফাইরুজ সাদাফ অবন্তিকার আত্মহত্যার ঘটনায় তার সহপাঠী আম্মান সিদ্দিকী ও সহকারী প্রক্টর দ্বীন ইসলামকে আটক করেছে পুলিশ। শনিবার রাতে ঢাকা মহানগর পুলিশের কমিশনার হাবিবুর রহমান সমকালকে এ তথ্য নিশ্চিত করেছেন। তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ের ওই শিক্ষার্থীর মৃত্যুর ঘটনার পর থেকে এই দুইজনকে নজরদারিতে রাখা হয়ছিল। তারা পুলিশের হেফাজত রয়েছেন। তবে গোয়েন্দারা তাদের কোথা থেকে এবং কখন নিজেদের হেফাজতে নিয়েছেন তা বলেননি তিনি। জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ফাইরুজ সাদাফ অবন্তিকার আত্মহত্যার ঘটনায় তার সহপাঠী আম্মান সিদ্দিকী ও শিক্ষক দ্বীন ইসলামকে গ্রেপ্তারে ২৪ ঘণ্টার আল্টিমেটাম দিয়ে ক্যাম্পাসে আন্দোলন করছেন শিক্ষার্থীরা। এই দাবি পূরণ না হলে সোমবার উপাচার্য কার্যালয় ঘেরাওয়ের হুঁশিয়ার দেওয়া হয় শনিবার আয়োজিত এক সমাবেশে। ফাইরুজ শুক্রবার রাত ১০টার দিকে কুমিল্লা নগরীর বাগিচাগাঁও `পিসি পার্ক স্মরণিকা, নামের ১০ তলা ভবনের দ্বিতীয় তলার বাসায় গলায় রশি বেঁধে ফ্যানে ঝুলে আত্মহত্যা করেন। মৃত্যুর ১০ মিনিট পূর্বে নিজের ফেসবুক আইডিতে এক পোস্টে তিনি এ ঘটনার জন্য আম্মান সিদ্দিকী নামে তার এক সহপাঠীকে দায়ী করেছেন। একইসঙ্গে সহকারী প্রক্টর দ্বীন ইসলামকেও এ ঘটনার জন্য দায়ী করেন। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ১৬.০৩.২০২৪ আসাদ)

## চট্টগ্রামের নন্দন কাননে ইউ সি বি ব্যাংককে আগুন লাগার ঘটনা ঘটেছে

চট্টগ্রামে নন্দন কাননে রাইফেল ক্লাব ভবনে ইউসিবি ব্যাংকে আগুন লাগার ঘটনা ঘটেছে। আগুন নিয়ন্ত্রণে কাজ করছে ফায়ার সার্ভিসের ছয়টি ইউনিট। শনিবার সন্ধ্যায় এই অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। চট্টগ্রাম ফায়ার সার্ভিস সূত্র জানায় সন্ধ্যায় ইফতারের পর খবর আসে নন্দনকানন রাইফেল ক্লাব ভবনে আগুন লেগেছে। খবর পেয়ে ফায়ার সার্ভিসে চাকরি ইউনিটকে সেখানে পাঠানো হয়। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ১৬.০৩.২০২৪ আসাদ)

## বর্তমানে ট্রেনের ভাড়া বৃদ্ধির কোনো পরিকল্পনা নেই: রেলমন্ত্রী

রেলমন্ত্রী জিল্লুল হাকিম বলেছেন, বর্তমানে ট্রেনের ভাড়া বৃদ্ধির কোনো পরিকল্পনা নেই। তবে ভাড়া বাড়ানো হলে আগে থেকে জানিয়ে দেয়া হবে। শনিবার দুপুরে রাজবাড়ীর পাংশায় এক মত বিনিময়ে সভায় তিনি এসব কথা বলেন। এ সময় রেলমন্ত্রী বলেন, দেশে রেলের ২৩ হাজার একরের বেশি জমি বেদখল হয়ে আছে। অনেকে ভুয়া কাগজপত্র তৈরি করে রেলের জমি ভোগ দখল করছেন। রেলওয়ে কর্তৃপক্ষ সেই তুমি উত্তরে উদ্ধারে উচ্ছেদ কার্যক্রম চালাচ্ছে। জমি পুনরুদ্ধার করে রেলেওয়ের পাশে বসবাসরত ছিন্নমূল মানুষ ও রেলওয়েতে কর্মরত শ্রমিকদের পুনর্বাসন করার পরিকল্পনা রয়েছে বলে জানান রেলমন্ত্রী। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ১৬.০৩.২০২৪ আসাদ)

## চল্লিশটির স্বর্ণের বার-সহ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে দুজন আটক

ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে ৪০ টি স্বর্ণের বার-সহ একটি বেসরকারি এয়ারলাইনসের গাড়ি চালকসহ দুজনকে আটক করেছে বিমানবন্দর আর্মড পুলিশ ব্যাটালিয়ান এপিবিএন ও এনএসআই। শনিবার বিকেলে বিমানবন্দর আর্মড পুলিশ ব্যাটালিয়নের অতিরিক্ত পুলিশ সুপার মো. জিয়াউল হক গণমাধ্যমকে বিষয়টি নিশ্চিত করেছেন। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ১৬.০৩.২০২৪ আসাদ)

### পণ্যমূল্য বৃদ্ধির যে-কোনো প্রচেষ্টা প্রতিরোধ করা হবেঃ কৃষি মন্ত্রী

পণ্যমূল্য বৃদ্ধির যে-কোনো প্রচেষ্টা প্রতিহত করা হবে বলে মন্তব্য করেছেন কৃষি মন্ত্রী ড. আব্দুস শহীদ। শনিবার দুপুরে মৌলভীবাজারে নারীদের মাঝে ল্যাপটপ বিতরণ অনুষ্ঠান শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন।
(রেডিও টুডেঃ১৩৪৫ ঘ. ১৬.০৩.২০২৪ আসাদ)

## জাগো এফএম

### জন্মদিনে বঙ্গবন্ধুর সমাধিতে শ্রদ্ধা জানাবেন রাষ্ট্রপতি

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২৪ উপলক্ষ্যে গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় তার সমাধিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করবেন রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন। রোববার, ১৭ই মার্চ সকাল সাড়ে ১০টায় বঙ্গবন্ধুর সমাধিতে যাবেন রাষ্ট্রপতি। ১৯২০ সালের ১৭ মার্চ বাঙালি জাতির অবিসংবাদিত নেতা ও স্বাধীন বাংলাদেশের মহান স্থপতি বঙ্গবন্ধু তৎকালীন গোপালগঞ্জ মহকুমা ও বর্তমানে গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়া গ্রামে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি ছিলেন শেখ লুৎফুর রহমান ও সায়রা খাতুন পিতা-মাতার চার কন্যা ও দুই পুত্রের মধ্যে তৃতীয়। ব্যাপক কর্মসূচি ও উচ্ছ্বাসের মধ্যদিয়ে জাতি দিবসটি উদ্‌যাপন করবে। কর্মসূচি অনুযায়ী, সমাধি সৌধে পুষ্পস্তবক অর্পণের পর রাষ্ট্রপতি কিছুক্ষণ সেখানে নীরবে দাঁড়িয়ে থাকবেন। এ সময় বিউগলে করুণ সুর বাজানো হবে। বাংলাদেশ সেনা, নৌ ও বিমানবাহিনীর সমন্বয়ে একটি চৌকস দল রাষ্ট্রীয় সম্মান প্রদান করবেন। রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন-সহ প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও তার পরিবারের সদস্যরা সেখানে ফাতেহা ও দোয়া পাঠ করবেন। রাষ্ট্রপতি সমাধি সৌধ প্রাঙ্গণে রক্ষিত দর্শনার্থী বইতেও স্বাক্ষর করবেন। পরে বিকেলে বঙ্গভবনের দরবার হলে মিলাদ ও দোয়া মাহফিলের আয়োজন করবেন রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন। ১৯৭৫ সালের ১৫ই আগস্ট কালরাতে বিপথগামী একদল সেনা কর্মকর্তার গুলিতে নির্মমভাবে নিহত হন জাতির পিতা বঙ্গবন্ধুর শেখ মুজিবুর রহমান ও তার পরিবারের অধিকাংশ সদস্য। এদিন বঙ্গবন্ধু-সহ পরিবারের শহীদ সদস্যদের চিরশান্তি কামনা করে বিশেষ মোনাজাত করা হবে। দেশের অব্যাহত শান্তি ও সমৃদ্ধি, জনগণের কল্যাণ এবং মুসলিম উম্মাহর বৃহত্তর ঐক্য কামনা করেও দোয়া করা হবে। মিলাদ-মাহফিল ও মোনাজাতে রাষ্ট্রপতির পরিবারের সদস্য, সংশ্লিষ্ট সচিব, বঙ্গভবনের বেসামরিক ও সামরিক কর্মকর্তা-কর্মচারীরা অংশ নেবেন।
(জাগো এফএম ওয়েব পেজ : ১৬.০৩.২০২৪ প্রতীক)

### এমপি আব্দুল হাই-এর মৃত্যুতে প্রধানমন্ত্রীর শোক

ঝিনাইদহ-১ আসনের সংসদ সদস্য ও জেলা আওয়ামী লীগের সভাপতি আব্দুল হাই-এর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। শনিবার, ১৬ই মার্চ প্রধানমন্ত্রীর উপপ্রেস সচিব এম এম ইমরুল কায়েস এ তথ্য জানিয়েছেন। শনিবার সকালে থাইল্যান্ডের বামরুনগ্রাড হাসপাতালে মারা যান স্বাধীন বাংলায় ঝিনাইদহে প্রথম পতাকা উত্তোলনকারী বীর মুক্তিযোদ্ধা আব্দুল হাই। তিনি ঝিনাইদহ-১ আসনে পর পর ৫ বারের নির্বাচিত সংসদ সদস্য। মৃত্যুকালে তার বয়স হয়েছিলো ৭৮ বছর। ৭ই জানুয়ারি ভোটের পর লিভার সিরোসিস ও ফুসফুসে নিউমোনিয়া নিয়ে ঢাকার ল্যাবএইড হাসপাতালে ভর্তি হন তিনি। এরপর গত ১৮ই জানুয়ারি উন্নত চিকিৎসার জন্য থাইল্যান্ডের বামরুনগ্রাড হাসপাতালে ভর্তি করেন তার স্বজনরা। বেশ কিছুদিন লাইফসাপোর্টে থাকার পর বাংলাদেশ সময় শনিবার সকাল ৬টার দিকে হৃদরোগে আক্রান্ত হন তিনি। এরপর চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। শৈলকুপা উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাকিম আহমেদ এবং ঝিনাইদহ সদর হাসপাতালের মেডিসিন বিভাগের চিকিৎসক ডা. জাকির হোসেন এ তথ্য নিশ্চিত করেছেন। মৃত্যুকালে তিনি স্ত্রী, এক মেয়ে দুই ছেলে-সহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। আব্দুল হাই ২০০১ সালে বিএনপির সংসদ সদস্য আব্দুল ওহাবকে পরাজিত করে প্রথম ঝিনাইদহ-১ আসন থেকে সংসদ সদস্য নির্বাচিত হন। এরপর থেকে তিনি এ আসন থেকে ৫বার সংসদ সদস্য নির্বাচিত হয়েছেন। ২০১২ সালের ১৬ই সেপ্টেম্বর থেকে ২০১৩ সালের ২১ নভেম্বর পর্যন্ত তিনি মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করেন। আব্দুল হাই ১৯৫২ সালের ১লা মে ঝিনাইদহের শৈলকুপার মোহম্মদপুর গ্রামে জন্মগ্রহণ করেন। বাবা ফয়জুদ্দিন মোল্যা ও মা ছকিরন নেছা দম্পতির তিন ছেলে ও দুই মেয়ের মধ্যে সবার ছোট তিনি। তিনি ১৯৬৪ সালে বসন্তপুর মাধ্যমিক বিদ্যালয়ে অষ্টম শ্রেণিতে পড়া অবস্থায় ছাত্র রাজনীতিতে জড়িয়ে পড়েন এবং স্কুল কমিটির সভাপতি নির্বাচিত হন। ১৯৬৭ সালে এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়ে ঝিনাইদহ কেসি কলেজে ভর্তি হন। তিনি কেসি কলেজ ছাত্রলীগের সভাপতি ও ১৯৬৯ সালে সরকারি কেসি কলেজের ছাত্র সংসদের ভিপি নির্বাচিত হন। তিনি ১৯৬৮ সালে মহকুমা ছাত্রলীগের সহসভাপতি এবং ১৯৬৯ সালে বৃহত্তর যশোর জেলা ছাত্রলীগের সহ-সভাপতি নির্বাচিত হন। ১৯৭১ সালে স্বাধীনতা যুদ্ধ শুরু হলে তিনি ঝিনাইদহে স্বাধীন বাংলার প্রথম পতাকা উত্তোলন করেন। দেশ স্বাধীনের পর আব্দুল হাই ঝিনাইদহ যুবলীগের আহ্বায়ক ও ১৯৭৩ সালে ঝিনাইদহ যুবলীগের মহকুমা সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেন। ১৯৮৭ সালে তিনি ঝিনাইদহ জেলা আওয়ামী

লীগের সাংগাঠনিক সম্পাদক ও ১৯৯৮ সালে তিনি সাধারণ সম্পাদক নির্বাচিত হন। ২০০৫ সালে বীর মুক্তিযোদ্ধা সংসদ সদস্য আব্দুল হাই জেলা আওয়ামী লীগের সভাপতি নির্বাচিত হয়ে মৃত্যু পর্যন্ত এ পদে আসীন ছিলেন। (জাগো এফএম ওয়েব পেজ : ১৬.০৩.২০২৪ প্রতীক)

## ভারত পাশে ছিল বলেই নির্বাচনে অশুভ হস্তক্ষেপ করতে পারেনি : সেতুমন্ত্রী

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, 'ভারত পাশে ছিল বলেই বাংলাদেশের নির্বাচনে বিশ্বের বড় বড় রাষ্ট্র অশুভ হস্তক্ষেপ করতে পারেনি।' শনিবার, ১৬ই মার্চ সকালে রাজধানীর ঢাকেশ্বরী জাতীয় মন্দিরে বাংলাদেশ পূজা উদ্‌যাপন পরিষদের দ্বিবার্ষিক সম্মেলনে ওবায়দুল কাদের বলেন, 'বাংলাদেশ ও ভারতের মধ্যে দীর্ঘদিনের যে সন্দেহ ও অবিশ্বাসের দেয়াল ছিল তা ভেঙে দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। ভারতের সঙ্গে সম্পর্ক ভালো বলে সিটমহল বিনিময়, ৬৮ বছরের যে সমস্যা তার শান্তিপূর্ণ সমাধান করেছেন। তিস্তা-সহ অভিন্ন নদীর পানির বিষয়ে আলোচনা হয়েছে। এর সমাধানও অবশ্যই হবে, ধৈর্য ধারণ করতে হবে। গায়ে পড়ে ভারতের সঙ্গে সম্পর্ক তিক্ত করে সমস্যা সমাধান সম্ভব নয়।' আওয়ামী লীগ সাধারণ সম্পাদক বলেন, সামাজিক মাধ্যমে যে ইন্ডিয়া আউট ক্যাম্পেইন, এটি সমীচীন নয়। প্রশ্ন রাখেন, ভারত বিরোধী মনোভাব কেন জাগ্রত করার চেষ্টা করা হচ্ছে? যারা নির্বাচনে আসেনি এটি তাদের অপপ্রচারের একটা ঢাল। আওয়ামী লীগ যখন ক্ষমতায় থাকে তখন ভারত বিরোধীতায় লিপ্ত হয় একটি মহল। এখনো তারা সেটি করছে।' বাজারে সিন্ডিকেট প্রসঙ্গে সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী বলেন, সিন্ডিকেট কি ভালো? সরকার কেন সিন্ডিকেটকে সমর্থন করবে? সিন্ডিকেট যে বা যাহারা করুক এর সূত্র খুঁজতে হবে। প্রকৃত সত্য বের করতে হবে এবং যথাযথ ব্যবস্থা নিতে হবে। সরকার এখানে সক্রিয় আছে। সংকট সমাধানের যোগ্য নেতা প্রধানমন্ত্রী শেখ হাসিনা।' তাই ধৈর্য ধরার আহ্বান ওবায়দুল কাদেরের। দেশের সনাতন ধর্মাবলম্বীদের উদ্দেশ্যে ওবায়দুল কাদের বলেন, 'সংখ্যালঘু ধারণাটাই একটা দাসত্বের শেকল, ভেঙে ফেলতে হবে। দাসত্ব কেন করবেন? বাংলাদেশের সংবিধান কী বলে। কেন নিজেদের সংখ্যালঘু ভাবেন। বাংলাদেশের স্বাধীনতায় সব ধর্মের মানুষের সমান অবদান ছিল।' আওয়ামী লীগ সাধারণ সম্পাদক বলেন, 'হিন্দুদের জমি দখল ও মন্দির ভাঙচুরের সঙ্গে জড়িতদের রাজনৈতিক পরিচয় থাকলেও তারা সবার অভিন্ন শত্রু, দুর্বৃত্ত। ঐক্যবদ্ধভাবে তাদের মোকাবিলা করতে হবে।' এ সময় শেখ হাসিনার সরকারকে সংখ্যালঘু বান্ধব সরকার হিসেবে উল্লেখ করে সেতুমন্ত্রী বলেন, 'আওয়ামী লীগ সরকার যতদিন আছে ততদিন পাশে আছে। আওয়ামী লীগ আগেও পাশে ছিল, এখনো আছে এবং আগামীতেও থাকবে। অন্য দল ক্ষমতায় এলে ২০০১ সালের মতো আবার পরিস্থিতি তৈরি হবে।' এর আগে বাংলাদেশ পূজা উদ্‌যাপন পরিষদের দ্বিবার্ষিক সম্মেলনের উদ্‌বোধন করেন বাংলাদেশে নিযুক্ত ভারতীয় হাইকমিশনার প্রণয় কুমার ভার্মা। বাংলাদেশ পূজা উদযাপন পরিষদের সভাপতি জে এল ভৌমিকের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক অধ্যাপক ড. চন্দ্রনাথ পোদ্দারের সঞ্চালনায় সম্মেলনে আরো বক্তব্য রাখেন খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী অধ্যাপক ডা. সামন্ত লাল সেন, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক প্রতিমন্ত্রী কুজেন্দ্র লাল ত্রিপুরা, বাংলাদেশ হিন্দু-বৌদ্ধ-খ্রিস্টান ঐক্য পরিষদের সাধারণ সম্পাদক অ্যাডভোকেট রানা দাস গুপ্ত-সহ সনাতন ধর্মের অন্যান্য নেতারা। (জাগো এফএম ওয়েব পেজ : ১৬.০৩.২০২৪ প্রতীক)

## সবকিছুতে সরকারের ওপর নির্ভরশীল হওয়া যাবে না : সালমান এফ রহমান

সবকিছুতেই সরকারের ওপর নির্ভরশীল না হওয়ার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রীর বেসরকারি শিল্প ও বিনিয়োগ উপদেষ্টা সালমান এফ রহমান। তিনি বলেন, 'আমার মনে হয়, আমরা নাগরিকরা এবং পুরো সমাজের সবাই যদি একসঙ্গে একটা উদ্যোগ নেই তাহলে সেটা সফল হওয়ার সম্ভাবনা অনেক বেশি।' শনিবার, ১৬ই মার্চ ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও গুলশান সোসাইটির যৌথ উদ্যোগে গুলশান লেক পরিচ্ছন্নতা কার্যক্রম উদ্‌বোধনী অনুষ্ঠানে এ কথা বলেন সালমান এফ রহমান। তিনি বলেন, 'আমাদের কমিউনিটিকে সবকিছুতে সম্পৃক্ত করা খুব প্রয়োজন। সবকিছুতে সরকারের ওপর নির্ভরশীল হওয়া যাবে না।' প্রধানমন্ত্রীর উপদেষ্টা আরো বলেন, `আমি মনে করি আমাদের লেকগুলো এত সুন্দর, এগুলো যদি আবার জীবিত করতে পারি তাহলে অনেক কিছু করার আছে। এটা করা সম্ভব। এটা একটা উদ্যোগের ব্যাপার।' রাজধানীর খালগুলো দেখার দায়িত্বে রাজউক থাকলেও এগুলো সিটি কর্পোরেশনকে বুঝিয়ে দেওয়ার দাবি জানান ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র আতিকুল ইসলাম। এ বিষয়ে সালমান এফ রহমান বলেন, 'যে দাবি জানানো হয়েছে এ বিষয়ে আমি প্রধানমন্ত্রীর অফিসে একটা মিটিং ডাকব। সেখানে রাজউক, সিটি কর্পোরেশন, আমাদের সোশ্যাল সোসাইটি এবং ওয়াসাকে ডাকব। কারণ ওয়াসা সব সময় বলে যে, আমাদের ড্রেনেজ আছে আবার নেই। তাই আমার মনে হয় একটা সমন্বয় করে কাজগুলো করতে হবে। এটা আমি করব।' অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী মোহাম্মদ আলী আরাফাত, গুলশান সোসাইটির সভাপতি ব্যারিস্টার ওমর সাদাত-সহ বিভিন্ন দূতাবাস থেকে আমন্ত্রিত অতিথিরা। (জাগো এফএম ওয়েব পেজ : ১৬.০৩.২০২৪ প্রতীক)

## রাজউকের অধীনে হলেও গুলশান লেক পরিচ্ছন্ন করছে সিটি কর্পোরেশন : মেয়র আতিক

গুলশানের লেক দীর্ঘদিন ধরে শুষ্ক অবস্থায় ছিল, পড়তো ময়লা আবর্জনায়, ছিল দুর্গন্ধ। এই লেককে পরিষ্কারের উদ্যোগ নিয়েছে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। তবে লেকটি এখনো রাজউকের অধীনে হলেও সিটি কর্পোরেশন নিজ দায়িত্বেই পরিচ্ছন্নতার কাজ করছে বলে জানিয়েছেন ঢাকা উত্তর সিটির মেয়র আতিকুল ইসলাম। শনিবার, ১৬ই মার্চ ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও গুলশান সোসাইটির যৌথ উদ্যোগে গুলশান লেক পরিচ্ছন্নতা কার্যক্রম উদ্‌বোধনী অনুষ্ঠানে মেয়র এসব কথা বলেন। তিনি বলেন, 'গুলশান লেক, বারিধারা লেক এখনো রাজউকের অধীনে আছে। তাদের আমি চিঠি দিয়েছি এগুলোকে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের অধীনে দিয়ে দেওয়া হোক। কিন্তু এই লেক এখনো রাজউকের অধীনে রয়ে গেছে। আমরা তাদের বলেছি এই লেক পরিস্কার করার জন্য, কিন্তু তারা করেনি, সিটি কর্পোরেশনকেও দেয়নি। কিন্তু কে আসলো, না আসলো আমরা সেটা দেখবো না।' মেয়র বলেন, 'গুলশান মসজিদের সামনে লেকে জাহান্নাম থেকেও খারাপ অবস্থা হয়ে আছে। এই এলাকার মলমূত্র সব এখানে ফেলা হয়। এটি মেনে নেয়া যায় না। এই লেকগুলোতে মাছের চাষ হয়না, মশার চাষ হচ্ছে। আমি চাই এই লেক গুলোতে শিশুরা খেলবে। ওয়াটার টেক্সি চলবে। আরো আধুনিক যন্ত্র থাকবে যা দিয়ে তারা খেলবে। কিন্তু পানি হয়ে আছে শতভাগ দূষিত। এখানকার কোনো মানুষ এই লেক থেকে উপকৃত হচ্ছে না। এই এলাকায় অতিরিক্ত মশা, তা এই লেকগুলো থেকে হয়। গুলশান এলাকার মানুষের জন্য ঈদ উপহার হিসেবে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এই লেককে পরিষ্কার করে দিচ্ছে।' মেয়র আতিক বলেন, 'এলাকায় অনেক গুলশান সোসাইটি মসজিদ আছে। এখানকার মুসল্লিরা প্রায়ই অভিযোগ জানায় পাশের লেক থেকে দুর্গন্ধ আসে। এসব সমস্যা সমাধানে প্রধানমন্ত্রীর উপদেষ্টা সালমান এফ রহমান ও তথ্য প্রতিমন্ত্রী এম এ আরাফাতকে পরিচ্ছন্নতা ও লেক পুনর্জাগরণ করার এই অনুষ্ঠানে অংশ নিতে বললে তারা নিজ থেকে স্বতঃস্ফূর্তভাবে এই অনুষ্ঠানে এসেছেন। সরকারের একার পক্ষে একটা সোসাইটিকে সুন্দর করা সম্ভব না যতক্ষণ না এখানকার মানুষই এগিয়ে আসে। আজকে এখানকার বিভিন্ন স্বনামধন্য স্কুলের শিক্ষার্থীরা ও শিশুরা এই কার্যক্রমে উপস্থিত হয়েছে। এছাড়াও বিভিন্ন ফাউন্ডেশনও এখানে উপস্থিত হয়েছে।' বিভিন্ন জায়গা থেকে পয়ঃবর্জ্য এই লেকে এসে পড়ছে জানিয়ে তিনি জানান, 'আজকে থেকে এই এলাকায় অভিযান চলবে। যারা বর্জ্য সরাসরি ফেলবে তাদের ড্রেনে আমি কলাগাছ থেরাপি দিব। যাতে করে এই বর্জ্য আবার তাদের দিকে ব্যাক যায়। ড্রেনের সাথে কেন কানেক্ট দিয়েছে মানুষ। এখানকার একেকটি ফ্ল্যাট ২৫ কোটি, ৫০ কোটি। সেখানে ড্রেনের সাথে একটি চোরাই পাইপ সংযুক্ত করা হচ্ছে। এই ড্রেন দিয়ে শুধু বৃষ্টির পানি যাওয়ার কথা। একটা ছোট ইপিপি প্ল্যান্ট মাত্র ৩ লাখ টাকা। এসব প্ল্যান্ট করতে রাস্তার নিচে যতটুকু জায়গা লাগে সিটি কর্পোরেশন ব্যবস্থা করে দিবে। আমরা চাই শুধু সরকার না এলাকাবাসীও এগিয়ে আসুক।' (জাগো এফএম ওয়েব পেজ : ১৬.০৩.২০২৪ প্রতীক)

## ঢাকা শহরে যতগুলো লেক আছে সবগুলো পরিষ্কার করতে হবে : তথ্য প্রতিমন্ত্রী

ঢাকা শহর পরিচ্ছন্ন রাখতে এবার লেক পরিষ্কার কার্যক্রম শুরু হলো। শনিবার, ১৬ই মার্চ সকালে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও গুলশান সোসাইটির যৌথ উদ্যোগে গুলশান লেক পরিচ্ছন্নতা কার্যক্রমের উদ্‌বোধন করা হয়। লেক পরিষ্কার কার্যক্রম উদ্‌বোধন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী মোহাম্মদ আলী আরাফাত, ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র মোঃ আতিকুল ইসলাম, প্রধানমন্ত্রীর বেসরকারি শিল্প ও বিনিয়োগ উপদেষ্টা সালমান এফ রহমান, গুলশান সোসাইটির সভাপতি ব্যারিস্টার ওমর সাদাত-সহ বিভিন্ন দূতাবাস থেকে আমন্ত্রিত অতিথিরা। অনুষ্ঠানে প্রতিমন্ত্রী মোহাম্মদ আলী আরাফাত বলেন, 'ঢাকা শহরে যতগুলো লেক আছে সবগুলো পরিষ্কার করতে হবে। এর মধ্যে পরিষ্কার করতে হবে এই চিন্তা করতে করতে ৯ মাস পার হয়েছে। আমরা আর দেরি করতে চাই না।' মোহাম্মদ আলী আরাফাত বলেন, 'মাত্র নয় মাসের ব্যবধানে আমি এই এলাকা থেকে দুইবার নির্বাচিত হয়েছি। নির্বাচনের আগে এবং পরে এই এলাকার মানুষের অনেকগুলো দাবির মধ্যে একটি দাবি বারবার আমার কাছে তুলে ধরা হয়েছিল, সেটি হলো লেকগুলো পরিষ্কার করতে হবে। শুধু গুলশানের নয় এমনকি কালাচাঁদপুরে যে লেক আছে, বারিধারার পেছন দিকে যে লেক আছে এছাড়াও অনেকগুলো লেক আছে যেগুলো পরিষ্কার করা দরকার।' তিনি আরো বলেন, 'আমার একটা প্রত্যাশা থাকবে শুধু লেকগুলো পরিষ্কার হবে তাই নয়। আগামী দিনেও যাতে লেকগুলো পরিষ্কার থাকে এবং যত্ন নেওয়া হয় সেই ব্যবস্থা আমরা সবাই মিলে করব।' এসময় লেক পরিষ্কার কার্যক্রমে অংশ নেওয়া সবার প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন তিনি। (জাগো এফএম ওয়েব পেজ : ১৬.০৩.২০২৪ প্রতীক)

## রাজস্ব ঘাটতি হতে পারে ৮২ হাজার কোটি টাকা : সিপিডি

চলতি ২০২৩-২০২৪ অর্থবছরে সরকার বড় অংকের রাজস্ব ঘাটতির মুখোমুখি হতে যাচ্ছে। বিগত ছয় মাসের রাজস্ব আদায়ের চলমান ধারা পর্যবেক্ষণে এ অর্থবছর শেষে ৮২ হাজার কোটি টাকা ঘাটতি হতে পারে বলে মনে করছে সেন্টার ফর পলিসি ডায়ালগ, সিপিডি। শনিবার, ১৬ই মার্চ সকালে ধানমন্ডিতে সিপিডি কার্যালয়ে জাতীয় বাজেট ২০২৪-২৫ এর প্রস্তাবনা উপস্থাপন অনুষ্ঠানে প্রতিষ্ঠানটির নির্বাহী পরিচালক ফাহমিদা খাতুন এ তথ্য জানান। ফাহমিদা খাতুন তার উপস্থাপনায় বলেন, 'এমন একটা সময় বাজেট প্রণয়ন হতে যাচ্ছে যখন সামষ্টিক অর্থনীতি নেতিবাচক

ধারায় রয়েছে। দেশে উচ্চ মূল্যস্ফীতি, ব্যাংকের তারল্য সংকট, বাজেট বাস্তবায়নে নিম্ন ও শ্লথ গতি, বৈদেশিক মুদ্রার রিজার্ভ নিম্নগামী এবং রফতানি আয় ও রেমিট্যান্স নিচের দিকে। এই পরিপ্রেক্ষিতে আমাদের সামষ্টিক অর্থনীতির স্থিতিশীলতা যেটা আমরা দেখতে চাই বিশেষ করে উচ্চ প্রবৃদ্ধি ও নিম্ন মূল্যস্ফীতিসহ অন্যান্য সূচক যেখানে থাকার কথা সেটা নেই। বরং চরমভাবে চাপের মুখে পড়েছে। এর কারণ আন্তর্জাতিক ও অভ্যন্তরীণ দুটোই।' সিপিডি বলছে, 'রাজস্ব আহরণে ধীরগতি, মূল্যস্ফীতি ও ডলার সংকটসহ নানা কারণে দেশের অর্থনীতি চাপে রয়েছে। এর ফলে আমরা সামষ্টিক অর্থনৈতিক স্থিতিশীলতা হারিয়ে ফেলেছি। সেই স্থিতিশীলতা পুনরুদ্ধার করাটাই হবে আগামী ২০২৪-২৫ অর্থবছরের বাজেটের মূল উদ্দেশ্য।' ফাহমিদা খাতুন বলেন, 'বাজেট প্রণয়ন হয় এক বছরের জন্য। বাজেটে যে নির্দেশনা থাকবে সেগুলো যেন চ্যালেঞ্জগুলো মেটাতে পদক্ষেপ নিতে পারে। মূল্যস্ফীতির চাপ কমানো, টাকার বিনিময় হার স্থিতিশীলতা রাখা ও দরিদ্র মানুষের স্বার্থের দিকে নজর দিতে হবে।' প্রস্তাবনায় সিপিডি বলছে, '২০২৪-২০২৫ অর্থবছরের জাতীয় বাজেট এমন সময়ে উপস্থাপন করা হবে যখন দেশ নানাবিধ অর্থনৈতিক চ্যালেঞ্জের মুখোমুখি।' সিপিডির মত, সামষ্টিক অর্থনৈতিক স্থিতিশীলতা ফিরিয়ে আনাই নীতিনির্ধারকদের প্রধান চ্যালেঞ্জ হবে। বৈদেশিক মুদ্রার হারকে স্থিতিশীল করা মূল্যস্ফীতি কমানোর দিকে নজর দিতে হবে। জিডিপি প্রবৃদ্ধির পরিবর্তে দুর্বল ও সুবিধাবঞ্চিত গোষ্ঠীর জন্য সুযোগ সুবিধা দিতে হবে। সিপিডির সুপারিশের মধ্যে রয়েছে, অর্থপাচার রোধে এনবিআরকে শক্তিশালী ভূমিকা নেওয়া, অপ্রদর্শিত আয় বৈধ করার সুযোগ বন্ধ করা, করদাতাদের হয়রানি বন্ধ করা, ইএফডি যন্ত্র সহজলভ্য করা, ওষুধের ওপর ভ্যাট কমানো। এছাড়া বেসরকারি বিশ্ববিদ্যালয়, ইংরেজি মাধ্যম স্কুল ও আমদানি করা বই এসবে শুল্ক, ভ্যাট ও কর কমানোর প্রস্তাব দিয়েছে সিপিডি। ফাহমিদা খাতুন বলেন, 'সরকারি ব্যয় কোথায় করব, প্রাধিকার পরিষ্কার করতে হবে। বাজেটে মূল্যস্ফীতির চাপ মাথায় রেখে সেখান থেকে রেহাই দেওয়ার বিষয়টি মনে রাখা উচিত। পণ্যমূল্য কমাতে পদক্ষেপ নেওয়া উচিত। শিক্ষা ও স্বাস্থ্যখাতে বরাদ্দ ও অর্থব্যবহার বাড়ানো প্রয়োজন। সেই সঙ্গে মুদ্রানীতি ও রাজস্ব নীতির মধ্যে সমন্বয় করতে হবে।' (জাগো এফএম ওয়েব পেজ : ১৬.০৩.২০২৪ প্রতীক)

## নাগরিকত্ব আইন ভারতের অভ্যন্তরীণ বিষয় : পররাষ্ট্রমন্ত্রী

আমাদের এ অঞ্চলের নিরিখে বিগত জাতীয় নির্বাচন অত্যন্ত সুন্দর, অবাধ ও সুষ্ঠু হয়েছে বলে মন্তব্য করেছেন পররাষ্ট্রমন্ত্রী এবং আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ড. হাছান মাহমুদ। এসময় ভারতের নাগরিকত্ব আইন নিয়ে বিভিন্ন দেশ উদ্বেগ প্রকাশ এবং বাংলাদেশের অবস্থান সম্পর্কে ড. হাছান মাহমুদ বলেন, 'নতুন নাগরিকত্ব আইন ভারতের অভ্যন্তরীণ বিষয়। প্রতিবেশী দেশ হিসেবে আমরা বিষয়টির দিকে নজর রাখছি।' শনিবার, ১৬ই মার্চ দুপুরে চট্টগ্রাম নগরীর দেওয়ানজি পুকুর লেনের ওয়াইএনটি সেন্টারে সাংবাদিকদের সঙ্গে মত বিনিময়কালে এ মন্তব্য করেন পররাষ্ট্রমন্ত্রী। তিনি বলেন, 'বাংলাদেশে নির্বাচন অত্যন্ত সুষ্ঠু, সুন্দর ও অবাধ হয়েছে, যুক্তরাষ্ট্রের ভিন্নমত থাকতেই পারে। যে-কোনো দেশের ভিন্নমতকে আমরা সম্মান করি। তবে যুক্তরাষ্ট্র-সহ বেশিরভাগ রাষ্ট্র আমাদের সঙ্গে ভবিষ্যতে সম্পর্ক এগিয়ে নিয়ে যাওয়ার জন্য অভিপ্রায় ব্যক্ত করেছে। বিশ্বের প্রায় ৮০টি দেশের সরকার এবং রাষ্ট্রপ্রধান আমাদের প্রধানমন্ত্রীকে অভিনন্দন জানিয়েছে। এমনকি মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্টও প্রধানমন্ত্রীকে চিঠি লিখে সম্পর্ক দ্বিতীয় পর্যায়ে উন্নীত করার অভিপ্রায় ব্যক্ত করেছে। সুতরাং আমাদের বিবেচনায় আমাদের এ অঞ্চলের নিরিখে অত্যন্ত সুন্দর, অবাধ ও সুষ্ঠু নির্বাচন হয়েছে।' দ্বাদশ সংসদ নির্বাচন নিয়ে যুক্তরাষ্ট্রের বক্তব্য নিয়ে ড. হাছান মাহমুদ বলেন, 'যুক্তরাষ্ট্র তাদের মতামত দিতেই পারে। তারা প্রতিক্রিয়ায় বলেছে, বিরোধী দল অংশগ্রহণ করেনি। দেশে ৪৪টি নিবন্ধিত রাজনৈতিক দলের মধ্যে ২৯টি রাজনৈতিক দল নির্বাচনে অংশ নিয়েছে। কোনো বিশেষ রাজনৈতিক দলের অংশ না নেওয়া সরকারের ওপর বর্তায় না, সেটি সেই দলের দায়িত্ব। সেই দল নির্বাচন প্রতিহত করার ডাক দিয়েছিল, নির্বাচন প্রতিহত করার লক্ষ্যে দেশে সহিংসতা ঘটিয়েছিল এবং সেই সহিংসতার সঙ্গে যারা যুক্ত ছিল তাদের শুধু গ্রেফতার করা হয়েছে।' তিনি বলেন, 'যুক্তরাষ্ট্র যেটি বলেছে, বাংলাদেশের সঙ্গে অংশীদারিত্ব এবং সম্পর্ক এগিয়ে নিয়ে যাবার লক্ষ্যে তারা কাজ করছে, আমরাও যুক্তরাষ্ট্রের সঙ্গে সম্পর্ক এগিয়ে নিয়ে যাওয়ার জন্য, সম্পর্ককে আরো ঘনিষ্ঠতর করার জন্য এবং আমাদের যে বহুমাত্রিক সম্পর্ক, সেটিকে আরো বিস্তৃত করার লক্ষ্যে আমরা কাজ করছি। সামনের দিনগুলোতে যুক্তরাষ্ট্রের সঙ্গে দেশে এবং আন্তর্জাতিক অঙ্গনে একসঙ্গে কাজ করার লক্ষ্যে এগোচ্ছি। তবে আমাদের দেশে অত্যন্ত সুষ্ঠু, সুন্দর, অবাধ এবং উৎসবমূখর পরিবেশে একটি নির্বাচন অনুষ্ঠিত হয়েছে।' সোমালিয়ায় জিম্মি জাহাজ এমভি আবদুল্লাহ ও ২৩ নাবিককে মুক্ত করে আনার উদ্যোগ বিষয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ বলেন, 'বাংলাদেশের টেলিভিশনে কী দেখাচ্ছে, কী হচ্ছে সেটা কিন্তু যারা হাইজ্যাক করেছে তারা দেখে, স্যাটেলাইটের মাধ্যমে বাংলাদেশের সব টেলিভিশন দেখার সুযোগ আছে। যখন এই বিষয়টাকে অতি-গুরুত্ব দেয়া হয়, জিম্মিদের পরিবারের প্রতিক্রিয়া যখন ওরা দেখে, তখন হাইজ্যাককারীদের অবস্থান আরো অনমনীয় হয় এবং হচ্ছে। এই নেগেটিভ ইমপ্যাক্টটা হচ্ছে।' বিষয়টিকে সবারই সতর্কভাবে দেখা দরকার উল্লেখ করে পররাষ্ট্রমন্ত্রী বলেন, 'আমাদের মূল লক্ষ্য তো নাবিকদের এবং জাহাজটাকে মুক্ত করা। সুতরাং আমরা সবাই নিজ নিজ জায়গা থেকে দায়িত্বশীলভাবে যদি আচরণ করি তাহলে এই পরিস্থিতি উত্তরণ সহজ হবে। এটি নিয়ে সরকার কাজ করছে, অতীতেও

সবার সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে ১০০দিনের মাথায় একই কোম্পানির জাহাজ এবং নাবিকদের মুক্ত করা সম্ভবপর হয়েছিল। এখনো আমরা আশা করছি আমাদের যে সমন্বিত প্রচেষ্টা আছে, সুস্থভাবে নাবিকদেরকে ও জাহাজটাকে মুক্ত করে নিয়ে আসতে পারব।' রমজান কিংবা ঈদ উপলক্ষে পণ্যের দাম বৃদ্ধির কোনো কারণ নেই জানিয়ে পররাষ্ট্রমন্ত্রী বলেন, 'দ্রব্যমূল্য যাতে মানুষের নাগালের মধ্যে থাকে, অসাধু ব্যবসায়ীরা যাতে দাম বাড়াতে না পারে সেজন্য সরকার নানাবিধ পদক্ষেপ নিয়েছে। সামাজিক যোগাযোগ মাধ্যমে দেখলাম, মানুষ এ ব্যাপারে আগের তুলনায় অনেক বেশি সোচ্চার। পণ্যের দাম বাড়ানোর প্রবণতা রোধে মানুষের সোচ্চার হওয়াটা সহায়ক। একই পণ্য বিভিন্ন বাজারে বিভিন্ন দামে যে বিক্রি হচ্ছে তা নিয়ে বিভিন্ন টেলিভিশন ও পত্রিকা অনুসন্ধানী রিপোর্ট করেছে। এ ব্যাপারে সাংবাদিকদের সহায়তা চাই, আমাদের সরকার সর্বাত্মক চেষ্টা করছে যাতে কেউ পণ্যের দাম বাড়াতে না পারে।'

(জাগো এফএম ওয়েব পেজ : ১৬.০৩.২০২৪ প্রতীক)

## আগুন নির্বাপণে পর্যাপ্ত ব্যবস্থা ছিল না : ফায়ার সার্ভিস

রাজধানীর পুরান ঢাকার পাটুয়াটুলি ঘি পট্টিতে একটি প্রেসে লাগা আগুন নিয়ন্ত্রণে এসেছে। তবে ফায়ার সার্ভিস বলছে, আগুন নির্বাপণের জন্য পর্যাপ্ত অগ্নিনির্বাপণ ব্যবস্থা ছিল না ভবনটিতে।শুক্রবার, ১৫ই মার্চ রাত ১০টা ৫০ মিনিটে ফায়ার সার্ভিসের ৬টি ইউনিটের চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আসে। আগুন নিয়ন্ত্রণের পর ঘটনাস্থলে সাংবাদিকদের ব্রিফিং করেন ফায়ার সার্ভিসের ঢাকা জোন-১ এর কমান্ডার ফয়সালুর রহমান। তিনি বলেন, 'পুরান ঢাকার পাটুয়াটুলি ঘি পট্টির জিনাত প্রিন্টিং ওয়ার্কস নামে একটি প্রেসে রাত ৯টা ৩৮ মিনিটে আগুন লাগার খবর আসে। খবর পেয়ে সঙ্গে সঙ্গে সদরঘাট, সূত্রাপুর এবং সিদ্দিকবাজার ফায়ার স্টেশনের ৬টি ইউনিট ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণে আনে।' তিনি আরো বলেন, 'আগুন লাগার পর প্রচুর ধোঁয়া ছিল ভবনজুড়ে। এখন পর্যন্ত হতাহতের কোনো খবর পাওয়া যায়নি। এখানে স্থানীয় জনগণ আগুন নিয়ন্ত্রণের জন্য অনেক সহযোগিতা করেছেন।' ভবনটিতে ফায়ার এক্সিট ও সিঁড়ি রয়েছে উল্লেখ করে ফয়সালুর রহমান বলেন, আগুন নির্বাপণের জন্য কিছু সরঞ্জাম ছিল তবে পর্যাপ্ত অগ্নিনির্বাপণ ব্যবস্থা ছিল না ভবনটিতে।' এ ঘটনায় তদন্ত কমিটি হবে বলেও জানান ফায়ার সার্ভিসের এই কর্মকর্তা।

(জাগো এফএম ওয়েব পেজ : ১৬.০৩.২০২৪ প্রতীক)

## শ্রদ্ধা ও ভালোবাসায় ভাষাসৈনিক টিপুকে শেষ বিদায়

রাজশাহীতে গভীর শ্রদ্ধা ও ভালোবাসায় আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর ভাষাসৈনিক গোলাম আরিফ টিপুকে বিদায় জানানো হয়েছে। শনিবার, ১৬ই মার্চ দুপুরে রাজশাহী কলেজ শহিদ মিনারের সামনে তার মরদেহে বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন, রাজনৈতিক এবং পেশাজীবি সংগঠনের নেতারাসহ সর্বস্তরের মানুষ ফুলেল শ্রদ্ধা জানান। বেলা সাড়ে ১১টায় আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য ও রাজশাহী সিটি মেয়র এ এইচ এম খায়রুজ্জামান লিটন শ্রদ্ধা নিবেদন করেন। এসময় তিনি বলেন, 'গোলাম আরিফ টিপু জীবনের ঝুঁকি নিয়ে ভাষা আন্দোলন করেছেন। রাজশাহীতে দেশের প্রথম শহীদ মিনার নির্মাণে অগ্রণী ভূমিকা পালন করেন। তিনি মহান মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক ছিলেন। আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর হিসেবে যুদ্ধাপরাধীদের বিচার নিশ্চিত করতে দিনের পর দিন অবিচল থেকে সাহসিকতার সঙ্গে কাজ করে গেছেন। তিনি শুধু রাজশাহীর নয়, সারাদেশের সম্পদ। তার মৃত্যুতে আমাদের অপূরণীয় ক্ষতি হলো।' পরে পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী আবদুল ওয়াদুদ দারা, রাজশাহী সদর আসনের সংসদ সদস্য অধ্যক্ষ শফিকুর রহমান বাদশা, চাঁপাইনবাবগঞ্জ-১ আসনের সংসদ সদস্য ডা. সালিম উদ্দিন আহমেদ শিমুল, ভাষাসৈনিক মোশাররফ হোসেন আখুঞ্জি, রাজশাহী জেলা প্রশাসক শামীম আহমেদ-সহ বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের পক্ষ থেকে শ্রদ্ধা নিবেদন করা হয়। বেলা পৌনে ১২টায় তার জানাজার নামাজ পড়ানো হয়। এতে বিভিন্ন স্তরের মানুষ অংশ নেন। এর আগে বেলা সাড়ে ১১টায় ভাষাসৈনিক গোলাম আরিফ টিপুর মরদেহ নিজ জন্মস্থান চাঁপাইনবাবগঞ্জ থেকে রাজশাহী কলেজে এসে পৌঁছায়। ভাষাসৈনিক টিপুর মেয়ে ডানা নাজনীন জানান, তার বাবার মরদেহ রাজধানী ঢাকার মিরপুর বুদ্ধিজীবী কবরস্থানেই দাফন করা হবে। তবে এর আগে পরিবারের শেষ ইচ্ছানুযায়ী রাজশাহীর মানুষের শ্রদ্ধা নিবেদনের জন্য তার বাবার মরদেহ এখানে আনা হয়েছে। দেশের প্রথিতযশা এ আইনজীবী শুক্রবার সকাল ৮টার দিকে রাজধানীর ল্যাবএইড হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৯৩ বছর।

(জাগো এফএম ওয়েব পেজ : ১৬.০৩.২০২৪ প্রতীক)

## জবি ছাত্রীর আত্মহত্যার ঘটনায় অভিযুক্তদের গ্রেফতারে ১২ ঘণ্টার আলটিমেটাম

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের শিক্ষার্থী ফাইরুজ অবন্তিকার আত্মহত্যার ঘটনার সুষ্ঠু তদন্ত করে এ ঘটনায় দায়ীদের দ্রুত বিচার নিশ্চিতে মানববন্ধন ও বিক্ষোভ মিছিল করেছেন সাধারণ শিক্ষার্থীরা। শনিবার, ১৬ই মার্চ বিকেল সাড়ে তিনটায় বিক্ষোভ মিছিল নিয়ে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস প্রদক্ষিণ করেন শিক্ষার্থীরা। এরপর ভিক্টোরিয়া পার্ক ও কবি নজরুল সরকারি কলেজ ঘুরে মিছিলটি বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকে এসে শেষ হয়।এরপর সংক্ষিপ্ত সমাবেশ করেন শিক্ষার্থীরা। পরে বিশ্ববিদ্যালয়ের ভাস্কর্য চত্বরে দাঁড়িয়ে আন্দোলনরত শিক্ষার্থীরা ছয় দফা দাবি ঘোষণা করেন। এসব

দাবি বাস্তবায়নে ১২ ঘণ্টার আলটিমেটাম দেন তারা। এ সময় বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের শিক্ষার্থী ইভান তাহসিভ বলেন, 'ফাইরুজ অবন্তিকা অসাধারণ শিক্ষার্থী ছিলেন। তিনি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে নানান বিষয়ে উদ্যোগ নিয়েছিলেন। ডিজিটাল নিরাপত্তা আইনের মামলা থেকে জবি শিক্ষার্থী খাদিজাতুল কুবরাকে মুক্তির জন্য যে আন্দোলন হয়েছিল জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে, সেখানে অবন্তিকাও নেতৃত্ব দেন। এজন্য তাকে নানান ধরনের হুমকি-ধামকি দেওয়া হয়েছে। এরপরও তিনি পিছপা হননি। কিন্তু তারই এমন করুণ পরিণতি আমরা কোনোভাবেই মেনে নিতে পারি না। বিষয়টির সঙ্গে যারা জড়িত সবার বিচার নিশ্চিত করতে হবে।' অপর এক শিক্ষার্থী বলেন, 'জগন্নাথ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস সব ভাই-বোনদের জন্য নিরাপদ করে তুলবো আমরা। আন্দোলন চালিয়ে যাবো। আমাদের বোনের এমন পরিণতির জন্য যারা দায়ী তাদের শাস্তি নিশ্চিত করতেই হবে।' শিক্ষার্থীদের দাবিগুলো হলো, ঘটনার সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত নিশ্চিত করতে হবে, অভিযুক্ত শিক্ষক দ্বীন ইসলাম ও শিক্ষার্থী রায়হান সিদ্দিকি আম্মানকে অবিলম্বে গ্রেফতার ও সুষ্ঠু বিচারের আওতায় আনা, দ্রুত সিন্ডিকেট ডেকে অভিযুক্তদের স্থায়ী বহিষ্কার, ভুক্তভোগীর পরিবারের নিরাপত্তা নিশ্চিত করা, বিশ্ববিদ্যালয় প্রশাসনকে বাদী হয়ে এ ঘটনায় মামলা দায়ের করতে হবে এবং বিশ্ববিদ্যালয়ে নারী নিপিড়ন সেল কার্যকর করতে হবে। এর আগে শনিবার সকালে অভিযুক্ত সহকারী অধ্যাপক দ্বীন ইসলামকে সহকারী প্রক্টর ও শিক্ষকতা থেকে সাময়িক বরখাস্ত এবং অভিযুক্ত রায়হান সিদ্দিকি আম্মানকে সাময়িক বহিষ্কার করে বিজ্ঞপ্তি জারি করা হয়। পাঁচ সদস্যবিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়। জানা গেছে, ফাইরুজ অবন্তিকা জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের ২০১৭-১৮ শিক্ষাবর্ষের শিক্ষার্থী। শুক্রবার, ১৫ই মার্চ রাত ১০টার দিকে প্রথমে ফেসবুকে পোস্ট দেন ফাইরুজ। এরপর গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেন। তাৎক্ষণিকভাবে তাকে উদ্ধার করে জেলা সদর হাসপাতালে নিয়ে যাওয়া হয়। হাসপাতালের চিকিৎসকরা জানান, তিনি মারা গেছেন।
(জাগো এফএম ওয়েব পেজ : ১৬.০৩.২০২৪ প্রতীক)

## জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের এক শিক্ষার্থীর আত্মহত্যার ঘটনায় মানবাধিকার কমিশনের উদ্বেগ প্রকাশ

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের এক শিক্ষার্থীর আত্মহত্যার ঘটনায় উদ্বেগ প্রকাশ করেছে জাতীয় মানবাধিকার কমিশন। শনিবার, ১৬ই মার্চ এক বিবৃতিতে কমিশন জানায়, 'গণমাধ্যম থেকে প্রাপ্ত তথ্যমতে, ওই শিক্ষার্থী আত্মহত্যার আগে ফেসবুক পোস্টে বিশ্ববিদ্যালয়ের এক সহপাঠীর বিরুদ্ধে যৌন হয়রানিসহ নানা ধরনের নিপীড়নের অভিযোগ করেন। পাশাপাশি, একজন দায়িত্বশীল শিক্ষকের বিরুদ্ধে তিনি অভিযোগ করেছেন, যিনি সহকারী প্রক্টরের দায়িত্বে রয়েছেন।' বিবৃতিতে বলা হয়, 'বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত সংবাদ থেকে জানা যায়, ওই শিক্ষক তার দায়িত্ব যথাযথভাবে পালন না করে বরং আত্মহত্যাকারী শিক্ষার্থীর সঙ্গে এমন আচরণ করেছেন যা আত্মহত্যায় প্ররোচনার শামিল মর্মে সুস্পষ্ট।' এ ঘটনায় জাতীয় মানবাধিকার কমিশন ক্ষোভ প্রকাশ করেছে। এতে বলা হয়, 'সম্প্রতি শিক্ষাঙ্গনে নারী শিক্ষার্থীদের হয়রানিসহ নৈতিক স্খলনের যেসব ঘটনা দৃষ্টিগোচর হচ্ছে তা কমিশনকে গভীরভাবে উদ্বিগ্ন করেছে।' জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান ড. কামাল উদ্দিন আহমেদ বলেন, 'আত্মহত্যার ঘটনাটির সুষ্ঠু তদন্তপূর্বক প্ররোচনাকারীদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করা প্রয়োজন। নারী শিক্ষার্থীরা প্রায়ই হয়রানির শিকার হচ্ছেন সে বিষয়ে শক্ত পদক্ষেপ নিতে হবে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে শিক্ষার্থীদের প্রতি বিশেষ যত্নশীল হতে হবে এবং শিক্ষার্থীবান্ধব সুষ্ঠু শিক্ষার পরিবেশ তৈরির জন্য মনোযোগী হতে হবে। কোনো ধরনের শারীরিক ও মানসিক নির্যাতন শিক্ষাপ্রতিষ্ঠানে চলতে পারে না।' তিনি আরো বলেন, `এ ধরনের ঘটনা প্রমাণ করে শিক্ষাঙ্গনে আমাদের নৈতিকতা ও শুদ্ধাচারের দিকে বিশেষ জোর দেওয়া প্রয়োজন। উন্নত মানসিকতা ও মূল্যবোধ বিকাশ ছাড়া শিক্ষাঙ্গন অপূর্ণ থেকে যাবে। তাই শিক্ষাঙ্গনে সুষ্ঠু পরিবেশ বজায় রাখার ক্ষেত্রে সব শিক্ষা প্রতিষ্ঠানের যথাযথ ব্যবস্থা নেওয়া আবশ্যক। এ পরিপ্রেক্ষিতে, কমিশন কর্তৃক এরই মধ্যে প্রস্তুত করা ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে পাঠানো যৌন হয়রানি নিরোধ আইনের খসড়া যথাযথ প্রক্রিয়ায় সম্পন্ন করে দ্রুত কার্যকর করার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সরকারের প্রতি আহ্বান জানাচ্ছে মানবাধিকার কমিশন।' (জাগো এফএম ওয়েব পেজ : ১৬.০৩.২০২৪ প্রতীক)

## বেনাপোল বন্দর দিয়ে এলো ৪০০ মেট্রিক টন আলু

বেনাপোল স্থলবন্দর দিয়ে গত দুইদিনে ভারত থেকে ৪০০ মেট্রিক টন আলু আমদানি হয়েছে। শনিবার, ১৬ই মার্চ বিষয়টি নিশ্চিত করেছেন বেনাপোল চেকপোস্ট কাস্টমস কার্গো শাখার রাজস্ব কর্মকর্তা আজিজ খান। তিনি জানান, 'ভারতের পেট্রাপোল বন্দর হয়ে গত দুইদিনে ১৬ ট্রাকে ৪০০ মেট্রিক টন আলু আমদানি হয়েছে। এসব আলুর আমদানিকারক প্রতিষ্ঠান ইন্টিগ্রেটেড ফুড এ্যান্ড বেভারেজ। রফতানিকারক প্রতিষ্ঠান ভারতের পেপসিকো ইন্ডিয়া হোল্ডিংস বলে জানা গেছে। আলুর চালান বন্দর থেকে খালাস নিতে প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করা হয়েছে।' ট্রান্সমেরিন লজিস্টিক লিমিটেড সিঅ্যান্ডএফ এজেন্টের প্রতিনিধি মাসুম বিল্লা জানান, 'বুধ ও বৃহস্পতিবার ভারতীয় ১৬ ট্রাকে ৪০০ মেট্রিক টন আলু আমদানি করা হয়েছে। প্রতি মেট্রিক টন আলুর আমদানি খরচ পড়ছে ১৯৪ মার্কিন ডলার। আলুর চালানটি রোববার খালাস হবে।' এ বিষয়ে বেনাপোল স্থলবন্দরের পরিচালক রেজাউল করিম বলেন, 'বন্দর দিয়ে দুই চালানে ৪০০ মেট্রিক টন আলু আমদানি হয়েছে। আলুর চালানটি এখনো বন্দরে রয়েছে। দ্রুত

ছাড়করণের জন্য আমদানিকারকদের সহযোগিতা করা হচ্ছে।' বেনাপোল চেকপোস্ট উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্রের উপ-সহকারী কর্মকর্তা হেমন্ত কুমার সরকার বলেন, 'আমদানিকারকের পক্ষে প্রয়োজনীয় কাগজপত্র জমা দিলে মান পরীক্ষা শেষে খালাসের অনুমতি দেওয়া হবে।' এর আগে গত ২ ডিসেম্বরে তিন ট্রাকে ৭৪ মেট্রিক টন আলু আমদানি হয়। এরপর আর কোনো আলু আমদানি হয়নি এ বন্দর দিয়ে। (জাগো এফএম ওয়েব পেজ : ১৬.০৩.২০২৪ প্রতীক)

## বিভিন্ন অজুহাতে কিছু ব্যবসায়ী পণ্যের দাম বাড়িয়ে দেয় : কৃষিমন্ত্রী

কৃষিমন্ত্রী ড. আব্দুস শহীদ বলেছেন, বিভিন্ন অজুহাতে কিছু ব্যবসায়ী পণ্যের দাম বাড়িয়ে দেয়। এরা সততার সঙ্গে ব্যবসা করতে চায় না। মন্ত্রী হিসেবে আমি সবজির বাজার ঘুরে দেখবো।' শনিবার, ১৬ই মার্চ দুপুরে মৌলভীবাজার জেলা শিল্পকলা একাডেমিতে একটি অনুষ্ঠান শেষে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন। মন্ত্রী বলেন, 'বাজারে এখন মাংসের দাম ৭৫০ টাকা। কেউ যদি ১২০০ টাকা বিক্রি করে তাহলে বলতে হবে তিনি ইচ্ছে করে বাড়িয়েছেন। আমরা এসব বিষয় প্রতিহত করব। খাদ্য ও বাণিজ্যমন্ত্রীর সঙ্গে এ ব্যাপারে বৈঠক হয়েছে। সিদ্ধান্ত হয়েছে যাতে খাদ্যদ্রব্যের কোনো মূল্য বৃদ্ধি না হয় এবং মানুষ যাতে কষ্ট না পায়।' তিনি বলেন, মজুদদারির ব্যাপারেও সরকার সজাগ রয়েছে। যে দুর্নীতি করবে তাকে সঙ্গে সঙ্গে গ্রেফতার করার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী।' মৌলভীবাজারের জেলা প্রশাসক ড. উর্মি বিনতে সালামের সভাপতিত্বে এসময় মৌলভীবাজার-৩ আসনের সংসদ সদস্য মোহাম্মদ জিল্লুর রহমান, পুলিশ সুপার মোঃ মনজুর রহমান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উপ-সচিব তাওহীদ আহমদ সজল প্রমুখ উপস্থিত ছিলেন। (জাগো এফএম ওয়েব পেজ : ১৬.০৩.২০২৪ প্রতীক)

## গোলাম আরিফ টিপুর মৃত্যুতে প্রধান বিচারপতি, পররাষ্ট্রমন্ত্রী ও আইনমন্ত্রীর শোক

ভাষাসৈনিক, মুক্তিযোদ্ধা ও আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর আইনজীবী গোলাম আরিফ টিপুর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করছেন প্রধান বিচারপতি ওবায়দুল হাসান। এক শোকবার্তায় তিনি শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানান। পৃথক শোকবার্তায় গভীর শোক জানিয়েছেন আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী আনিসুল হক, পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ ও ডেপুটি স্পিকার মোঃ শামসুল হক টুকু। শোকবার্তায় তারা মরহুমের বিদেহী আত্মার শান্তি কামনা করেন ও তার শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান। পররাষ্ট্রমন্ত্রী শোকবার্তায় বলেন, 'যুদ্ধাপরাধীদের বিচার ও আইনের শাসন প্রতিষ্ঠায় মহান মুক্তিযুদ্ধের এই প্রয়াত সংগঠক, একুশে পদকপ্রাপ্ত ভাষাসৈনিক, প্রাজ্ঞ আইনজীবী গোলাম আরিফ টিপুর অবদান দেশের ইতিহাসে চির অম্লান হয়ে থাকবে।' গোলাম আরিফ টিপু মানবতা বিরোধী অপরাধের বিচারের উদ্দেশ্যে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল গঠনের প্রথম থেকেই চিফ প্রসিকিউটর হিসেবে দায়িত্ব পালন করে আসছিলেন। তিনি মৃত্যুকালে বহু আত্মীয়-স্বজন ও গুণগ্রাহী রেখে গেছেন। আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চেয়ারম্যান বিচারপতি মোঃ আবু আহমেদ জমাদার এক শোকবার্তায় বলেন, 'আমরা তার মৃত্যুতে গভীর শোক প্রকাশ করছি এবং তার শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানাচ্ছি।' ভাষাসৈনিক, মুক্তিযোদ্ধা ও আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর আইনজীবী গোলাম আরিফ টিপু শুক্রবার সকালে রাজধানীর ল্যাবএইড হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান। তার বয়স হয়েছিল ৯৩ বছর। তিনি দীর্ঘদিন ধরে বার্ধক্যজনিত শারীরিক জটিলতায় ভুগছিলেন।
(জাগো এফএম ওয়েব পেজ : ১৬.০৩.২০২৪ প্রতীক)

## অবন্তিকার আত্মহত্যার ঘটনায় শিক্ষক দ্বীন ইসলাম ও সহপাঠী আম্মান আটক

আন্দোলনরত শিক্ষার্থীদের আলটিমেটামের মধ্যে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ফাইরুজ সাদাফ অবন্তিকার আত্মহত্যার ঘটনায় তার সহপাঠী রায়হান সিদ্দিকী আম্মান ও সহকারী প্রক্টর দ্বীন ইসলামকে আটক করেছে পুলিশ। শনিবার, ১৬ই মার্চ রাতে ডিএমপি কমিশনার হাবিবুর রহমান বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি বলেন, 'জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ওই শিক্ষার্থীর মৃত্যুর ঘটনার পর থেকে এই দুজনকে নজরদারিতে রাখা হয়েছিল। তারা পুলিশের হেফাজত রয়েছেন। এর আগে গতকাল শুক্রবার রাতে শিক্ষক-সহপাঠীকে অভিযুক্ত করে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ফাইরুজ অবন্তিকা আত্মহত্যা করেন। তিনি বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের ২০১৭-১৮ বর্ষের শিক্ষার্থী ছিলেন। এদিন রাত ১০টায় নিজের ফেসবুক আইডিতে এক পোস্টে তিনি এ ঘটনার জন্য আম্মান সিদ্দিকী নামে তার এক সহপাঠীকে দায়ী করেন। একই সঙ্গে সহকারী প্রক্টর দ্বীন ইসলামকেও এ ঘটনার জন্য দায়ী করেন।
(জাগো এফএম ওয়েব পেজ : ১৬.০৩.২০২৪ প্রতীক)

## চট্টগ্রামে রাইফেল ক্লাব ভবনে আগুন, নিয়ন্ত্রণে ৫ ইউনিট

চট্টগ্রাম নগরীর কোতোয়ালী থানাধীন জুবলী রোডের রাইফেল ক্লাব ভবনে আগুন লেগেছে। খবর পেয়ে আগুন নির্বাপণে যোগ দিয়েছে ফায়ার সার্ভিসের পাঁচটি ইউনিট। শনিবার, ১৬ই মার্চ সন্ধ্যা ৭টার দিকে ভবনটির ইউনাইটেড কর্মাশিয়াল ব্যাংক লিমিটেডের কার্যালয়ে আগুনের সূত্রপাত হয়। রাইফেল ক্লাব ভবনে শতাধিক ইলেকট্রনিক্স দোকান রয়েছে। তাৎক্ষণিকভাবে আগুন লাগার কারণ ও ক্ষয়ক্ষতি সম্পর্কে কোনো তথ্য জানা যায়নি। প্রত্যক্ষদর্শীরা

জানিয়েছেন, ভবনের ভেতর থেকে প্রচণ্ড ধোঁয়া বের হচ্ছে। এ কারণে আগুন নেভাতে বেগ পাচ্ছেন ফায়ার সার্ভিস সদস্যরা। ফায়ার সার্ভিসের নন্দনকানন স্টেশনের সিনিয়র অফিসার মোহাম্মদ আলী জাগো নিউজকে আগুন লাগার বিষয়টি নিশ্চিত করেছেন। (জাগো এফএম ওয়েব পেজ : ১৬.০৩.২০২৪ প্রতীক)

# BBC

**HONG KONG COURT JAILS 12 OVER LEGISLATURE PROTEST**

Hong Kong actor and Gregory Wong and 11 other people have been jailed for their role in the storming of the city's legislature during protests in 2019. Wong was jailed for just over six years - one of the longer sentences handed down by the district court on Saturday. Activists Ventus Lau and Owen Chow were also among those given prison terms linked to the pro-democracy protest. Meanwhile, two journalists were fined for illegally entering the Legislative Council chamber at the time. Most of the defendants were found guilty of rioting.
(BBC Web Page: 16/03/24, FARUK)

**AID REACHES SHORE IN GAZA AFTER FIRST SEA DELIVERY**

The first ship towing a barge of humanitarian aid to Gaza has unloaded supplies on to the shore. The Spanish ship Open Arms left Cyprus on Tuesday with 200 tonnes of food desperately needed for Gaza, which the UN says is on the brink of famine. Videos posted online show a crane moving crates from the barge to lorries waiting on a purpose-built jetty. It marks the start of a trial to see if sea deliveries are effective, after air and land deliveries proved difficult. (BBC Web Page: 16/03/24, FARUK)

**SRI LANKA PARENTS SPENDING HUNDREDS ON CHILD LEUKAEMIA MEDS**

Upali Pushpakumara, a farmer from central Sri Lanka, has to travel 230km every time his son, Nuwan, needs cancer treatment. The 18-year-old was diagnosed with leukemia last year, and since then, Mr Pushpakumara and Nuwan have had to make several trips all the way to Maharagama, a suburb of the capital Colombo, to get to the National Cancer Institute. Sri Lanka provides universal healthcare - free health services - to its citizens. The government spends 4% of its budget on healthcare, and its state hospital system has been praised as one of the best in the region. (BBC Web Page: 16/03/24, FARUK)

**SECRET CLASSES TO COUNTER RUSSIAN BRAINWASHING IN OCCUPIED UKRAINE**

Like millions of other Ukrainians, in the early weeks of Russia's full-scale invasion of Ukraine, Nataliia was forced from her home. She couldn't tolerate living under Russian occupation in her southern hometown of Melitopol, and felt she would be more useful in territory still controlled by Ukraine. But Nataliia didn't just leave her home and relatives behind, she also surrendered her profession, giving up her job of 20 years as a teacher. Now she spends her time giving online classes to hundreds of her former students.
(BBC Web Page: 16/03/24, FARUK)

**EUROPE RIFT ON UKRAINE CLOUDS MACRON TALKS IN BERLIN**

Emmanuel Macron has said that France, Germany and Poland are united after a rift was exposed over Europe's response to Russia's war in Ukraine. The French president had warned the "security of Europe and the French is at stake" and if Russia wins Europe's credibility will be reduced to zero. But Germany's Olaf Scholz has been far more cautious, ruling out the deployment of the country's Taurus cruise missiles. Ukraine faces a critical arms shortage. The German chancellor has come under pressure to extend his government's help, because a $60bn US military aid package for Ukraine has been blocked in Congress by Republicans on the right. (BBC Web Page: 16/03/24, FARUK)

**EU BACKS LAW AGAINST FORCED LABOUR IN SUPPLY CHAINS**

European Union countries have agreed to a law requiring companies to ensure their supply chains do not cause environmental damage or use forced labour. a majority of 17 out of the 27 members backed the legislation on Friday and there were no votes against it. The agreement came only after substantial changes were made to the original text. Critics argue that the law has now been diluted too much to be effective. The Corporate Sustainability Due Diligence Directive (CSDDD) will mean European companies have to document that products they import adhere to environmental and human rights standards, such as not involving child labour. (BBC Web Page: 16/03/24, FARUK)

**CANADA'S TRUDEAU SAYS HE THINKS ABOUT LEAVING 'CRAZY JOB'**

Canada's prime minister says he frequently thinks about leaving his "crazy job" but plans to stay on through another election. Justin Trudeau has faced growing questions about his

political future, with polls suggesting he is increasingly unpopular among Canadians. In an interview with broadcaster Radio-Canada, Mr Trudeau also spoke about personal sacrifices of his job. Canada's next general election must be held by October 2025. Opinion polling in recent months indicates that Canadians are feeling a growing dissatisfaction with his government, spurred by frustration with issues like housing affordability and the cost of living. The governing Liberals have been trailing behind the Conservative, the main opposition, often by double digits. (BBC Web Page: 16/03/24, FARUK)

**ISRAEL DOWNPLAYS TRUCE PROSPECTS AFTER HAMAS RESPONSE**

Israeli PM Benjamin Netanyahu has downplayed the chances of a truce in Gaza after Hamas gave what it called a "comprehensive vision" to mediators. Mr Netanyahu's office said the proposals were unrealistic. Hamas wants a permanent end to the war and full Israeli withdrawal from Gaza. Soon Thursday night Gaza's Hamas-run health ministry said 20 people had been killed as they waited for aid. Israel denies involvement and accuses armed Palestinians of firing at the crowds. The incident took place at the Kuwaiti roundabout on the southern outskirts of Gaza City, a known drop off point for the little aid that reaches northern Gaza where the UN says children are dying of malnutrition and famine is looming.
(BBC Web Page: 16/03/24, FARUK)

**RELIEF OVER NIGERIAN LEADER'S SANCTIONS U-TURN.**

After the army seized power in Niger last year, the president of its giant neighbour Nigeria was at the forefront of demands that the junta step down, even warning that the West African bloc could use military force to oust the generals, while imposing tough sanctions and closing the border. However just eight months later, Bola Tinubu has lifted all those restrictions. In many ways, it is a huge climb down for the regional bloc, Ecowas, but it is also personally embarrassing for Mr Tinubu, analysts say. The warm welcome for the lifting of sanctions in both Niger and across the border in northern Nigeria also shows the unpopularity of his original, hard-line position. (BBC Web Page: 16/03/24, FARUK)

**HUNGARY'S ORBAN VOWS SURGE TO RIGHT IN US AND EUROPE**

Hungarian Prime Minister Viktor Orban has told a crowd of cheering supporters that his government's nationalist conservative policies will win this year in Europe and beyond. "We started this year alone, by the end of it we will be the majority in the world!" he said in Budapest. He was confident Donald Trump would win November's US presidential election and right-wing parties would win European parliament elections in June. He then launched an attack on the EU. Mr Orban has long been at loggerheads with the EU, but he told supporters that they were ahead of a "sovereignty turn" in the US as well.
(BBC Web Page: 16/03/24, FARUK)

**::THE END::**